ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার



নিজেকে অপয়া ভাবতেন বিদ্যা!
পৃঃ ৫

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



রোহিতের নেতৃত্ব নিয়ে ধোঁয়াশা
পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩০৪ ● কলকাতা ● ২৬ কার্ত্তিক, ১৪৩১ ● মঙ্গলবার ● ১২ নভেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


## দেশের প্রধান বিচারপতি হিসাবে শপথ নিলেন সঞ্জীব খান্না



**নিউজ সারাদিন :** দেশের ৫১তম প্রধান বিচারপতি হিসাবে সোমবার সকালে রাষ্ট্রপতি ভবনে শপথবাক্য পাঠ করেন সঞ্জীব খান্না। তাঁকে শপথবাক্য পাঠ করান রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

রবিবার সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির পদ থেকে অবসর নিয়েছেন ডি ওয়াই চন্দ্রচূড়। তারপরেই সোমবার দেশের প্রধান বিচারপতির দায়িত্ব নিলেন সঞ্জীব খান্না। দায়িত্ব নেওয়ার পর বিচারপতি খান্না জানিয়েছেন তাঁর জন্য বরাদ্দ বাংলো তিনি ব্যবহার করবেন

বেবি চক্রবর্ত্তী

না। প্রসঙ্গত উল্লেখ্য গত ১৭ ই অক্টোবর বিদায়ী প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচুড় প্রধান বিচারপতির পদের জন্য সঞ্জীব খান্নার নাম প্রস্তাব করেছিলেন। এরপর গত ২৪ শে অক্টোবর সেই প্রস্তাবের ওপর সিলমোহর দেয় কেন্দ্র।

বিচারপতি সঞ্জীব খান্না এই পদে আসিন থাকবেন মাত্র ৭ মাস। ২০২৫ সালের ১৩ই মে তিনি প্রধান বিচারপতির পদ থেকে অবসর নেবেন। প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব নেবার পর নিরাপত্তার জন্য তাঁর দীর্ঘদিনের অভ্যাস সাধের প্রাতঃভ্রমণ বন্ধ করতে হয়েছে। এমনকি তিনি জানিয়েছেন প্রধান বিচারপতির বাংলো তিনি ব্যবহার না করে তাঁর পুরনো বাসভবন থেকেই কাজ চালিয়ে যাবেন।

এই শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপরাষ্ট্রপতি জয়দীপ ধনকড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এবং বিদায়ী ভারতের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় প্রমূখ।

## 'আমি নাম বলে দিচ্ছি বিনীত গোয়েল ফাঁসিয়েছে', প্রিজন ভ্যান থেকেই চিৎকার অভিযুক্ত সিভিকের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফের মুখ খুললেন তিলোত্তমার ঘটনায় অভিযুক্ত সিভিক ভলান্টিয়র। এর আগে তিনি চিৎকার করে-করে তিনি বলেছিলেন সরকার তাকে ফাঁসাচ্ছে। আর এবার আরও মারাত্মক অভিযোগ করল সে। আদালত থেকে বেরিয়ে ফের চিৎকার বলল, 'বিনীত গোয়েল আমায় ফাঁসিয়েছে'প্রসঙ্গত, এ দিন নিম্ন আদালতে সাক্ষ্য গ্রহণ পর্ব চলছিল। সাক্ষ্য দেন তিলোত্তমার বাবা ও কাকু। তবে অভিযুক্ত সিভিকের দাবি, তাকে কিছু বলতে দেওয়া হচ্ছে না। যদিও, নিয়ম অনুযায়ী আজ তার বলার কিছু নেই। উল্লেখ্য, জুনিয়র চিকিৎসকরা আরজি কর-কাণ্ডে আগেই প্রাক্তন পুলিশ কমিশনারের বিরুদ্ধে তদন্তে গাফিলতির অভিযোগ তুলেছিলেন। তারপর তাঁর পদত্যাগ দাবি করেন তাঁরা। তাঁদের সেই দাবি মেনে নেয় রাজ্য সরকার।

এরপর ৩ পাতায়

## শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে ঘৃণা ভাষণের অভিযোগ তুলে নির্বাচন কমিশনের দারস্থ হলেন তৃণমূল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সোমবার বিকালে রাজ্যের ছয় বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের প্রচার শেষ হচ্ছে। ঠিক তার আগেই রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে ঘৃণা ভাষণের অভিযোগ তুলে নির্বাচন কমিশনের দারস্থ হলেন তৃণমূলের সদস্যরা। রাজ্যের নির্বাচনী আবহে বাংলাদেশ প্রসঙ্গ টেনে শুভেন্দু অধিকারী ঘৃণা ভাষণ দিচ্ছেন তিনি রাজ্যে সাম্প্রদায়িক অশান্তি ছাড়ানোর চেষ্টা করছেন এমনই অভিযোগ তৃণমূলের মিডিয়া কমিটির সদস্য কুনাল ঘোষ এবং মন্ত্রী শশী পাঁজাদের দাবি শুভেন্দু অধিকারী কে সেন্সার করুক কমিশন। তালড্যাংরায় শনিবার বিজেপির হয়ে প্রচার করতে গিয়ে শুভেন্দু অধিকারী বলেছিলেন " বাংলাদেশের ছবিগুলি দেখেছেন তো? ৫৯৬ টি মন্দির ভেঙেছে। হিন্দুদের ওপর কি অত্যাচার করেছে! এবার পশ্চিমবঙ্গ কে দ্বিতীয় বাংলাদেশ করতে চায় "। রাজ্যের বিরোধী দলনেতার এই বক্তব্য সাম্প্রদায়িক উস্কানিমূলক বলে তৃণমূল কংগ্রেস মনে করছে।

সোমবার সকালে নির্বাচন কমিশনের দপ্তরের কুনাল ঘোষ এই বক্তব্যে যথাযথ নথি পেশ করেছেন। স্মারকলিপিও দেওয়া হয়েছে। এরপর কুনাল ঘোষ সাংবাদিক

এরপর ৩ পাতায়


মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে
কলকাতার কলেজ স্ট্রিটে
চারটি বই পাওয়া যাচ্ছে।
অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর
মাতৃ শক্তি
কলেজ স্ট্রিট
কেশব চন্দ্র স্ট্রিটে,
অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও
সুন্দরবনবাসি
বর্ণপরিচয় বিল্ডিংয়ে
উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে
আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)
সরবেড়িয়া আন্‌-নূর মিশন
(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ
E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171
২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)
পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা
ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)
ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা
ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ
সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও
ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা








আবাসিক শিক্ষক চাই
বায়োলজি
এমএসসি অনার্স
ও একজন
কম্পিউটার
টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

- সরবেড়িয়া আন নূর মিশন
  সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
  মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫
- নিউ বিশ্বাস জেরক্স
  মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
  মোঃ - ৯৬০৯০৮২৪১৬
- আদর্শ শিশু নিকেতন
  ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০
- সাগরিকা লাইব্রেরী
  বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭
- আরফান আলি বিশ্বাস
  দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

# মণিপুরে বন্দুকযুদ্ধে নিহত ১১



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতের মণিপুর রাজ্যে বন্দুকযুদ্ধের ঘটনা ঘটেছে। জানা গেছে এবার দেশটির কেন্দ্রীয় বাহিনী সিআরপিএফের শিবিরে হামলা হয়েছে। আজ সোমবার দুপুরে জিরিবাম জেলায় ওই ঘটনায় হামলারকারীদের ওপর সিআরপিএফ গুলি চালালে ১১ জন নিহত হন। কেন্দ্রীয় বাহিনীর দাবি, নিহতেরা সকলেই বিচ্ছিন্নতাবাদী। তাদের ছোড়া গুলিতে সিআরপিএফের এক জওয়ান গুরুতর আহত হন। পুলিশ জানিয়েছে, নিহতরা কুকি গোষ্ঠীর সদস্য। সোমবার দুপুর আড়াইটার দিকে তারা প্রথমে বড়বেকরা মহকুমা সদরের থানায় হামলা চালায়। এর পরে কিছু বাড়িঘর ও দোকানে লুটপাট চালিয়ে জাকুরাডোর করংয়ের রাস্তায় সিআরপিএফের উপর হামলা চালায়। এর পরেই শুরু হয়ে দু'পক্ষের গুলির লড়াই। ঘটনার পর এলাকা ঘিরে তল্লাশি অভিযান শুরু হয়েছে।

প্রসঙ্গত, শনিবার রাতে জিরিবাম জেলায় জাইরাওন নামে এক গ্রামে মেইতেই সশস্ত্র গোষ্ঠী আরাম্বাই টেঙ্গল এবং ইউএনএলএফের যৌথ বাহিনীর হামলায় এক কুকি নারী নিহত হয়েছিলেন। রবিবার কুকি-জো জনজাতিদের যৌথ মঞ্চ যৌথ মঞ্চ আইটিএলএফের মদতপুষ্ট বিচ্ছিন্নতাবাদীরা এক মেইতেই নারীকে খুন করে। পূর্ব ইম্ফল জেলার থামনাপোকপি, ইয়াইঙ্গাংপোকপি, সাবুংখোক এবং সানসাবি-সহ বিভিন্ন এলাকায় মেশিনগান, রকেটচালিত গ্রেনেড (আরপিজি) নিয়ে হামলা চলে কেন্দ্রীয় বাহিনী ও পুলিশের উপর। সোমবারও বিভিন্ন এলাকা থেকে দফায় দফায় সংঘর্ষের খবর এসেছে।

## উত্তরবঙ্গ সফরের আগে দমদম বিমানবন্দরে দাঁড়িয়ে

# ছয় উপ নির্বাচনে তৃণমূল প্রার্থীদের জয়ী করার আবেদন জানালেন মুখ্যমন্ত্রী



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সোমবার দুপুরে তিন দিনের দার্জিলিং সফরের আগে বিমানবন্দরে দাঁড়িয়ে রাজ্যের ছটি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে তৃণমূল প্রার্থীদের জেতানোর আহ্বান জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

তিন দিনের উত্তরবঙ্গ সফরে যাবার আগে মুখ্যমন্ত্রী বিমানবন্দরের সাংবাদিকদের জানান " বাংলার জনতাকে ধন্যবাদ, আপনারা সবসময় আমাদের সঙ্গে থেকেছেন। এই উপনির্বাচনেও তাঁদের জেতান। উন্নয়নের কাজ হবে। যারা ইতিমধ্যে বিধায়ক, সাংসদ আছেন তারা তো কাজ করছেনই। এবার নতুনদের হাত ধরে আরো ভালোভাবে কাজ হবে"। মুখ্যমন্ত্রী বাগডোগরা রহনা হবার আগে সাংবাদিকদের আরও জানান " মাদারিহাট, সিতাই, মেদিনীপুর, নৈহাটি, হাড়োয়া এবং তালড্যাংরায় ১৩ তারিখ উপনির্বাচন। সিতাইয়ে সংগীতা, মাদারিহাটে জয়প্রকাশ, মেদিনীপুরে সুজয়, নৈহাটিতে সনৎ, দ হাড়োয়ায় রবিউল আর তালড্যাংরায় ফালগুনী সিংহ বাবু লড়ছে আমাদের দল থেকে। ওরা সবাই খেটেছে। আমি সকল মা বোনকে বলতে চাই আমাদের প্রার্থীদের বিপুল ভোটে জয়ী করুন। এমনিতে আমি আপনাদের কাছে কৃতজ্ঞ যে আপনারা সবসময় আমাদের পাশে থেকেছেন, ভরসা রেখেছেন। এবারও প্রার্থীদের যেতান। উন্নয়নের কাজ আরো ত্বরান্বিত করতে সাহায্য করুন "। দার্জিলিং সফর নিয়ে মমতা বলেন, " অনেকদিন পর দার্জিলিং যাচ্ছি। নানা কারণেই যাওয়া হয়ে ওঠেনি। এমনকি লোকসভা নির্বাচনের সময়ও যেতে পারিনি। কার্শিয়াং পর্যন্ত গিয়েছিলাম। ওখানে অনিতরা সব কাজ করছে"। এবার একাধিক কর্মসূচি নিয়ে দার্জিলিং যাচ্ছেন মুখ্যমন্ত্রী। মন্ত্রী অরূপ বিশ্বাস মুখ্যমন্ত্রীর সফরসঙ্গী হিসাবে দার্জিলিং যাচ্ছেন।

# অপ্রাকৃতরাসলীলা প্রসঙ্গে

## রসিক গৌরাঙ্গ দাস

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আজ থেকে প্রায় পাঁচহাজার দুইশত একচল্লিশ বছর আগে জ্যোতির্বিজ্ঞানের বিশেষ সংখ্যাতত্ত্বের (পশ্চাৎগণনানুসারে) শ্রীধাম বৃন্দাবনের ধীরসমীরে, যমুনা তীরে বংশীবটমূলে ভগবান শ্রীকৃষ্ণ ব্রজগোপাঙ্গনাদের সঙ্গে অপ্রাকৃত রাসলীলা বিলাস করেছিলেন। শারদীয়া পূর্ণিমার রাতে এই রাস নৃত্য অনুষ্ঠিত হয়েছিল। সেই রাতে সমগ্র বিশ্বপ্রকৃতি অপরূপসাজে সুসজ্জিত হয়েছিল। পূর্ণ চন্দ্রের স্নিগ্ধ চন্দ্রালোকে গগণমন্ডল উদ্ভাসিত। বৃক্ষ, লতা, গুল্মাদি, পশুপক্ষী উন্মুখ হয়েছিল ভগবানের রাসলীলা দর্শনে। শ্রীকৃষ্ণের নরলীলা সমূহের মধ্যে সর্বোত্তম রাসলীলা। এই রাস নৃত্য ছিল সম্পূর্ণ চিন্ময়। তখন তাঁর বয়স ছিলো মাত্র আট বছর। শ্রীকৃষ্ণ কেবল আনন্দময় 'আনন্দময়োহ ভ্যাসাৎ'। বৃন্দাবনে সকলেই আনন্দময়। পশু-পক্ষী, বৃক্ষ-লতা, জল-স্থল, গাভী, গোবৎস,গোপবাল এবং গোপবালিকারা সকলেই কৃষ্ণপ্রেমে আনন্দময়। শ্রীকৃষ্ণ কে ভালোবেসে তারা পরম আনন্দে মগ্ন। ভগবানের ভগবত্তার নির্যাস হল মাধুর্য্যরস। যা পূর্ণরূপে প্রকটিত হয়েছে দ্বাপর যুগের শেষে কৃষ্ণলীলায়। শরতের শেষে বিশ্বপ্রকৃতি যেন আনন্দমগ্না। যমুনাপুলিন শরদজ্যোৎস্না দ্বারা বিধৌত। বিশ্বপ্রকৃতির মনোমুগ্ধকর পরিবেশে শরৎ পূর্ণিমার রাতে বটমূলে ভগবান শ্রীকৃষ্ণ বংশীবাদন শুরু করলেন। মন প্রান হরণকারী ধ্বনি শুনে ব্রজগোপীকারা তাঁদের পতি, পুত্র, গৃহকর্ম, জাতি-কুল-মান সমস্ত কিছু পরিত্যাগ করে, শ্রীকৃষ্ণের সঙ্গে মহামিলনের জন্য রাসস্থলীতে ছুটে এসেছিলেন। ভগবানের সঙ্গে মিলনের জন্য এইরূপ ব্যাকুলতাই মানুষকে চরম সার্থকতা এনে দেয়। কৃষ্ণানুরাগে রঞ্জিত হয়ে ওঠাই ছিলো ব্রজবালাদের একমাত্র সাধনা। শ্রীকৃষ্ণও নৃত্যানুষ্ঠানের উপযুক্ত স্থান-কাল-পাত্র-বিবেচনা-বিবেচনা করে মল্লিকা, জুঁই ও অন্যান্য অত্যন্ত সুগন্ধিযুক্ত পুষ্প দ্বারা নিজেকে সজ্জিত করেছিলেন। অপ্রাকৃত রাসনৃত্য শুরু হলো। রাসমন্ডলীতে দুই গোপী তাঁর মধ্যে কৃষ্ণ। যত গোপী তত কৃষ্ণ। রাসরসের নায়ক শ্রীকৃষ্ণ। 'নাচতঘন নন্দলাল রসবতী করি সঙ্গে।' এই রাসনৃত্যে বিশ্বভুবন নাচে।ফুলের উপর নাচে ভ্রমরভ্রমরী। মেঘের তালে নাচে ময়ূরময়ূরী।কদম্ব শাখায় নাচে শুক-শারী। বৃক্ষ-লতা , পশু-পক্ষী, জল-স্থল, আকাশ-বাতাস আনন্দে নৃত্য করে গোপী-গোবিন্দের প্রেমের উদ্বেলতায়। এই চির আনন্দ খেলার বিরাম নেই। চলছে নিরন্তর নিরবচ্ছিন্ন। শ্রীকৃষ্ণ কে? সকল বিশ্বজীবের অন্তরে যিনি অধ্যক্ষ বা বুদ্ধি প্রভৃতির সাক্ষী, সেই পরমাত্মা আজ ক্রীড়ার তরে লীলা বিগ্রহধারী। সকলের অন্তরের অন্তরতম রূপে শ্রীকৃষ্ণ বিরাজমান। তাঁর কেউ পরম নেই । কি পুরুষ, কী নারী, সকলেরই হৃদয় বিহারী। তাঁর এই লীলা আত্মার সঙ্গে আত্মার বিহার। নিজের সঙ্গে নিজেরই খেলা। এই খেলা বিশ্বজুড়ে প্রতিনিয়ত চলছে। তাঁরই বৈচিত্রময় প্রকাশ রাসলীলা। গোপীদের ব্রতসাধন, দীর্ঘদিনের তপস্যা, হৃদয়ে পুঞ্জীভূত অনুরাগের ফলে তাদের অনুগ্রহ করবার জন্যই শ্রীকৃষ্ণ এই রাসলীলা করেন।

বর্তমানে আমরা একবিংশ শতাব্দীর সভ্য মানুষ। আত্মসুখের আয়োজনে তৎপর। উন্নত প্রযুক্তির সাহায্যে ছোট হয়ে আসা পৃথিবীর মানুষ। সব কিছুই আমাদের হাতের মুঠোয়। আমরা ছুটে চলেছি বিশ্ব বিজয়ে। চলছে পারমাণবিক অস্ত্রের প্রতিযোগিতা। চাহিদা বেড়ে চলেছে ভোগ্য বস্তুর। ভুলে গেছি আত্মানুসন্ধানের যথার্থতা। অনুসন্ধিৎসু মন নিয়ে জানতে চাই শ্রীভগবানের রাসলীলা রহস্য। অথচ মন ছুটে চলে জড় জাগতিক বিকৃত কদর্য রসের দিকে। কিন্তু 'এর বাইরেও যে জগৎ আছে তোমরা নিজেরাই জানো না।' জগতের কেউ সুখী নয়। সুরভিত চির বিকাশমান পুষ্পের মতো জীবনের আরেক রূপ যথার্থ বাস্তব জীবন। যা শাশ্বত, জরা-ব্যাধি-মৃত্যুহীন। এই জীবনেই তা লাভ করা সম্ভবসম্ভব। ভগবান শ্রীকৃষ্ণের রাসলীলা জড়জাগতিক কাম উপভোগ নয়।আমাদের কাম -কলুষিত দৃষ্টিভঙ্গির পরিবর্তন করে শুদ্ধ চিত্তে রাসলীলা রহস্য উন্মোচনে প্রয়াসী হতে হবে। মনে রাখতে হবে ব্রজাঙ্গনারা সাধারণ স্ত্রীলোক ছিলেন না। প্রকৃত পক্ষে তাঁরা ছিলেন শ্রীকৃষ্ণের অন্তরঙ্গ পার্ষদ। ব্রহ্মসংহিতায় বলা হয়েছে যে, তাঁরা হচ্ছেন শ্রীকৃষ্ণের হ্লাদিনী শক্তির প্রকাশ। শ্রীধাম বৃন্দাবনে চার শ্রেণীর ব্রজলল নাদের সঙ্গে শ্রীকৃষ্ণ রাসনৃত্য করেছিলেন। তাঁদের মধ্যে ছিল নিত্যসিদ্ধ গোপকন্যারা, যাঁরা ছিলেন শ্রীমতী রাধারানীর কায়ব্যূহ। অন্য শ্রেণী ছিল দেবকন্যারা, যাঁরা নিত্যসিদ্ধ দের সঙ্গের ফলে নিত্যসিদ্ধ স্তর লাভ করেছিলেন। অন্য আর এক শ্রেণী ছিল মূর্তিমানশ্রুতিরা, যাঁরা তপস্যা করে গোপকুলে জন্মগ্রহণ করেছিলেন, এবং তারা ছিল সাধনসিদ্ধ।আর ছিলেন ঋষিরা, যাঁরা দন্ডকারন্যে ভগবান শ্রীরামচন্দ্রকে দেখে শ্রীকৃষ্ণকে পতিরূপে লাভ করতে চেয়েছিলেন। ব্রজরামারা যমুনার তীরে একমাস ব্যাপী কাত্যায়নীর ব্রত করেছিলেন। তাঁরা শ্রীকৃষ্ণকে পতি রুপে লাভ করতে চেয়েছিলেন। ব্রজবালাদের মনোবাসনা পূর্ণ করার জন্যই রাসনৃত্য অনুষ্ঠিত হয়েছিল। শ্রীকৃষ্ণ নিজেকে অসংখ্য রূপে বিস্তার করে করে প্রত্যেক গোপীর সঙ্গে যুগপৎভাবে নৃত্য করেছিলেন।রাসপূর্ণিমার রাতটি ছিল ব্রহ্মরাত।মানুষের চারশতবত্রিশ কোটি বছর। ব্রজগোপিকারা একটু গর্বিত হলে, রাধারানীকে নিয়ে ভগবান শ্রীকৃষ্ণ অন্তর্হিত হয়ে যান। কৃষ্ণবিরহে গোপাঙ্গনারা প্রেমে উন্মাদগ্রস্ত হয়েছিলেন এবং সারা রাত্রি কৃষ্ণের লীলা অনুসরণ করে অন্বেষণ করেছিলেন। অবশেষে কৃষ্ণ দর্শন দান করে রাসনৃত্যের মাধ্যমে গোপীদের মনোবাঞ্ছা পূর্ণ করেছিলেন। এইভাবেই ব্রহ্মারও দুর্লভ প্রেম গোপীরা প্রাপ্ত হয়েছিলেন। ব্রজগোপাঙ্গনা দের কৃষ্ণের প্রতি যে আকর্ষণ বা ভালোবাসা, এই আকর্ষণ বা

এরপর ৩ পাতায়

## দেবভূমি উত্তরাখন্ডের ২৫তম প্রতিষ্ঠা দিবসে

# রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন প্রধানমন্ত্রীর



**নতুন দিল্লি, ৯ নভেম্বর ২০২৪ : স্টাফ রিপোর্টার :** উত্তরাখন্ড রাজ্যের প্রতিষ্ঠা দিবসের আজ ২৫ তম বার্ষিকী। এই উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। একই সঙ্গে তিনি আগামী ২৫ বছরের মধ্যে উত্তরাখন্ডের এক উজ্জ্বলতর ভবিষ্যৎ গড়ে তোলার লক্ষ্যে রাজ্যবাসীকে কাজ করে যাওয়ার পরামর্শ দেন। শ্রী মোদী বলেন যে আগামী ২৫ বছরের মধ্যে এক উন্নততর ভারত গড়ে তোলার সংকল্প আমরা গ্রহণ করেছি। তাই, বিকশিত ভারতের সঙ্গে বিকশিত উত্তরাখন্ড গড়ে ওঠার ঘটনাকে এক বিশেষ সমাপতন বলেই তিনি মনে করেন। এর মধ্য দিয়ে উত্তরাখন্ড গর্বিত হয়ে ওঠার পাশাপাশি প্রত্যেক রাজ্যবাসীর হৃদয়েও গর্ববোধ সঞ্চারিত হবে। প্রসঙ্গত, সাম্প্রতিক কালের 'প্রবাসী উত্তরাখন্ড সম্মেলন' সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হওয়ায় প্রধানমন্ত্রী বলেন, এই সাফল্যে অনুপ্রাণিত হয়ে উত্তরাখন্ড রাজ্যটির উন্নয়ন প্রচেষ্টায় রাজ্যবাসী এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে চলেছেন। প্রধানমন্ত্রী আরও বলেন যে একটি পৃথক রাজ্যের দাবি বহুদিন ধরে জানিয়ে আসছিলেন উত্তরাখন্ডের অধিবাসীরা। তাঁদের সেই দাবি পূরণ হয় শ্রী অটল বিহারী বাজপেয়ীর নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের বিশেষ উদ্যোগে। এই ভাবে উত্তরাখন্ডবাসীর আশা-আকাঙ্খা ও স্বপ্নের আজ বাস্তবায়ন ঘটেছে। এই পথ অনুসরম করে বর্তমান রাজ্য সরকারও উন্নয়নের পথে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যথাসাধ্য চেষ্টা করছে। শ্রী মোদী বিশেষ জোর দিয়ে বলেন, বর্তমান দশকটি উত্তরাখন্ডের দশক রূপে চিহ্নিত হতে চলেছে বলে তিনি বিশ্বাস করেন। কারণ, নিত্যনতুন উন্নয়নের নতুন নতুন রেকর্ড স্থাপিত হচ্ছে এই রাজ্যটিতে। শুধু তাই নয়, নিরন্তর উন্নয়নের লক্ষ্য পূরণের সূচক অনুযায়ী উত্তরাখন্ড আজ রয়েছে প্রথম সারিতে। এমনকি, বাণিজ্যিক কাজকর্ম সহজতর করে তোলার প্রচেষ্টাতেও এই রাজ্যটি আজ সফল। শুধু তাই নয়, স্টার্টআপ সংস্থা স্থাপন ও তার উন্নয়নের ক্ষেত্রেও আজ নেতৃত্বদানের ভূমিকা পালন করছে উত্তরাখন্ড রাজ্যটি। রাজ্যের উন্নয়নের হার শুধুমাত্র ১.২৫ গুণ বৃদ্ধিই পায়নি, একই সঙ্গে জিএসটি সংগ্রহের মাত্রাও বেড়েছে প্রায় ১৪ শতাংশ। ২০১৪ সালে এই রাজ্যে মাথা পিছু আয় ও উপার্জনের হার ছিল ১ লক্ষ ২৫ হাজার টাকা, তুলনায় বর্তমানে তা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ২ লক্ষ ৬০ হাজার টাকায়। মোট অভ্যন্তরীণ উৎপাদন (জিডিপি)-এর নিরিখেও রাজ্যটি কোন দিক থেকেই আর পিছিয়ে নেই। ২০১৪ সালে মোট জিডিপি-র পরিমাণ ছিল ১ লক্ষ ৫০ হাজার টাকা, তুলনায় আজ তা বৃদ্ধি পেয়েছে দাঁড়িয়েছে প্রায় ৩ লক্ষ ৫০ হাজার টাকায়। প্রধানমন্ত্রীর মতে এই পরিসংখ্যানগত তথ্যই প্রমাণ করে যে উত্তরাখন্ডের যুবক যুবতীদের সামনে আজ নতুন নতুন সুযোগ উপস্থিত। শিল্পের ক্ষেত্রে অগ্রগতির সঙ্গে তাল মিলিয়ে রাজ্যের নারী ও শিশুদের জীবনযাত্রাও এখন অনেকটাই সহজ হয়ে গেছে। ২০১৪ সালে এই রাজ্যের গৃহস্থ বাড়িগুলির মাত্র ৫ শতাংশ নলবাহিত জলের সুযোগ পেত। কিন্তু বর্তমানে ৯৬ শতাংশেরও বেশি পরিবারে পৌঁছে গেছে পাইপলাইনের মাধ্যমে সরবরাহ করা জলের সুযোগ। অন্যদিকে, গ্রামীণ সড়ক নির্মাণের মাত্রা ও আয়তনও ৬ হাজার কিলোমিটার থেকে উন্নীত হয়েছে ২০ হাজার কিলোমিটারে। শুধু তাই নয়, এই রাজ্যে নির্মিত হচ্ছে লক্ষ

এরপর ৩ পাতায়







## থিরু দিল্লি গণেশের প্রয়াণে প্রধানমন্ত্রীর শোক জ্ঞাপন



**নয়াদিল্লি, ১০ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন** :প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বর্ণময় চলচ্চিত্র ব্যক্তিত্ব থিরু দিল্লি গণেশের প্রয়াণে শোক ব্যক্ত করেছেন। প্রধানমন্ত্রী বলেন, থিরু গণেশের অনবদ্য অভিনয় দক্ষতার কারণে যে কোনও চরিত্রে তিনি এমনভাবে অভিনয় করতেন, যার ফলে প্রজন্মের পর প্রজন্ম দর্শকরা তাঁর অভিনয়শৈলীকে মনে রাখেন।

সামাজিক মাধ্যম এক্স-এ এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, "বর্ণময় চলচ্চিত্র ব্যক্তিত্ব থিরু দিল্লি গণেশজির প্রয়াণে আমি শোকাহত। তাঁর অনবদ্য অভিনয় দক্ষতার কারণে যে কোনও চরিত্রে তিনি এমনভাবে অভিনয় করতেন, যার ফলে প্রজন্মের পর প্রজন্ম দর্শকরা তাঁর অভিনয়শৈলীকে মনে রাখেন। থিয়েটারের প্রতিও তাঁর ভালোবাসা ছিল। তাঁর পরিবারের সদস্যবৃন্দ ও গুণমুগ্ধ ভক্তদের সমবেদনা জানাই। ওঁ শান্তি"!

২ পাতার পর


# দেবভূমি উত্তরাখন্ডের ২৫তম প্রতিষ্ঠা দিবসে রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন প্রধানমন্ত্রীর

লক্ষ পাকা শৌচাগার, প্রসারিত হচ্ছে বিদ্যুৎ ও গ্যাস সংযোগ, আয়ুষ্মান যোজনার আওতায় রাজ্যবাসী লাভ করছেন বিনা ব্যয়ে চিকিৎসার সুযোগ। এই ভাবে সমাজের সকল স্তরের মানুষের পাশে আজ এসে দাঁড়িয়েছে সরকারি কর্তৃপক্ষ। শ্রী মোদী বলেন, কেন্দ্রের পক্ষ থেকে উত্তরাখন্ডকে যে অনুদান সহায়তা দেওয়া হয়, তার পরিমাণও বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে প্রায় দ্বিগুণ। স্থাপিত হয়েছে এইমসের একটি স্যাটেলাইট সেন্টার, ড্রোন প্রযুক্তি সম্পর্কিত গবেষণা কেন্দ্র এবং উধম সিং নগরে ক্ষুদ্র শিল্পনগরী। এই রাজ্যের উন্নয়নে ২ লক্ষ কোটি টাকা ব্যয়ে বিভিন্ন প্রকল্পের কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। আগামী ২০২৬ সালের মধ্যে ঋষিকেশ থেকে কর্ণপ্রয়াগ পর্যন্ত রেল প্রকল্পের কাজ সম্পূর্ণ করতেও সরকার এখন সর্বতো ভাবে প্রস্তুত। উত্তরাখন্ডের ১১টি রেল স্টেশনকে 'অমৃত স্টেশন' রূপে নতুন করে গড়ে তোলা হয়েছে। এক্সপ্রেসওয়ের কাজ সম্পূর্ণ হলে দিল্লি থেকে দেরাদুন যেতে আড়াই ঘন্টার মতো সময় সাশ্রয় ঘটবে। রাজ্যের উন্নয়ন প্রচেষ্টার সুবাদে রাজ্যবাসীকে এখন খুব প্রয়োজন ছাড়া অন্যত্র কাজের খোঁজে যেতে হয় না। প্রধানমন্ত্রী বলেন, উন্নয়ন প্রচেষ্টার সঙ্গে সঙ্গে ঐতিহ্য সংরক্ষণেও সরকার তৎপর। কেদারনাথ মন্দিরের ধর্মীয় ভাবমূর্তি অক্ষুণ্ণ রাখতে এই মন্দিরটির পুনর্নির্মাণের কাজ বর্তমানে চলেছে। একই ভাবে দ্রুততার সঙ্গে এগিয়ে চলেছে বদ্রীনাথ ধামের উন্নয়ন প্রকল্পগুলি। মানসখন্ড মন্দির মিশন মালা কর্মসূচির আওতায় প্রথম পর্যায়ের উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে ১৬টি প্রাচীন মন্দিরের ক্ষেত্রে। যে কোন ধরনের আবহাওয়ার উপযোগী করে গড়ে তোলা হচ্ছে চারধাম যাত্রার যাত্রাপথগুলি। পর্বতমালা কর্মসূচির আওতায় ধর্মীয় ও পর্যটন স্থানগুলিকে যুক্ত করা হচ্ছে রোপওয়ে ব্যবস্থায়। শ্রী মোদী বলেন যে 'প্রাণবন্ত গ্রাম' কর্মসূচিটি শুরু হয় মানা গ্রামটি থেকে। সীমান্তবর্তী গ্রামগুলিকে দেশের প্রথম গ্রাম বলেই মনে করে কেন্দ্রীয় সরকার। কিন্তু এর আগে সীমান্তগ্রামগুলিকে দেশের শেষ গ্রাম বলে চিহ্নিত করা হত। এই ভাবে ২৫টি গ্রামের উন্নয়ন প্রচেষ্টার ফলে উত্তরাখন্ডে পর্যটনের বিকাশ ও প্রসারের পাশাপাশি যুবসমাজের জন্য কর্মসংস্থানের আরও বেশি সংখ্যক সুযোগ সৃষ্টি সম্ভব হয়েছে। পরিসংখ্যানগত তথ্যে প্রকাশ যে শুধুমাত্র এই বছরটিতেই এপর্যন্ত ৬ কোটি পর্যটক ও পুণ্যার্থী উত্তরাখন্ড সফর করেছেন। গতবছর চারধাম দর্শনে এসেছিলেন ৫৪ লক্ষ তীর্থযাত্রী। ২০১৪ সালে এই সংখ্যা ছিল তুলনায় অনেক কম মাত্র ২৪ লক্ষ। পর্যটক ও পুণ্যার্থী আগমনের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বিশেষ ভাবে উপকৃত হয়েছেন হোটেল ব্যবসায়ী, হোমস্টে মালিক, পরিবহণ এজেন্ট, ক্যাব চালক এবং অন্যান্যরা। মাত্র কয়েক বছরের মধ্যেই নথিভুক্ত হয়েছে ৫ হাজারেরও বেশি হোমস্টে। উত্তরাখন্ডের বিভিন্ন নীতিগত সিদ্ধান্ত জাতির সামনে এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, অভিন্ন দেওয়ানি বিধির কথা আজ দেশবাসীর মুখেমুখে। যুবসমাজকে সুরক্ষা দিতে চালু হয়েছে এক বিশেষ আইনও। এই রাজ্যের নিয়োগ পদ্ধতির প্রতিটি স্তরে নিশ্চিত করা হয়েছে স্বচ্ছতা। প্রধানমন্ত্রী আজ তাঁর বক্তব্যে রাজ্যবাসীর সামনে ৯টি আবেদনের কথা তুলে ধরেন। এর মধ্যে পাঁচটি হল রাজ্যবাসীর প্রতি এবং চারটি হল অন্য স্থান থেকে আগত পর্যটক ও পুণ্যার্থীদের জন্য। গাড়োয়ালি, কুমায়নি এবং জানুসারি ভাষা সংরক্ষণের ওপর বিশেষ জোর দিয়ে তিনি রাজ্যবাসীর উদ্দেশে আবেদন জানান যে এই ভাষাগুলি সম্পর্কে যেন ভবিষ্যৎ প্রজন্মকেও শিক্ষিত করে তোলা যায়। দ্বিতীয়ত, জলবায়ু পরিবর্তনের মোকাবিলায় 'মায়ের নামে একটি বৃক্ষ' অভিযানকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার আর্জি জানান প্রধানমন্ত্রী। তৃতীয়ত, বিভিন্ন জলাশয় সংরক্ষণের মাধ্যমে জলের স্বাস্থ্য সম্মত ব্যবহার সম্পর্কে অভিযান চালানোর পরামর্শ দেন প্রধানমন্ত্রী। চতুর্থত, নাগরিকদের তিনি আর্জি জানান মূল শিকড়ের সঙ্গে সংশ্লিষ্ট থেকে নিজের নিজের গ্রামগুলি পরিদর্শনের জন্য। পঞ্চম যে আবেদনটি রাজ্যবাসীর সামনে আজ তুলে ধরেন প্রধানমন্ত্রী তা হল, প্রাচীন ঐতিহ্যমন্ডিত বাড়িগুলিকে সংরক্ষণের পাশাপাশি সেগুলিকে হোমস্টে রূপে গড়ে তোলার জন্য। উত্তরাখন্ড সফরে আসা পর্যটক ও পুণ্যার্থীদের উদ্দেশে প্রধানমন্ত্রী আবেদন জানান, সর্বত্র পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য। একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের পুনর্ব্যবহার থেকে বিরত থাকার জন্য আর্জি জানান তিনি। এছাড়াও স্থানীয় ভাবে উৎপাদিত পণ্যের ব্যবহার ও প্রচারে উদ্যোগী হতেও পর্যটক ও পুণ্যার্থীদের পরামর্শ দেন শ্রী নরেন্দ্র মোদী। তিনি বলেন, স্থানীয় ভাবে উৎপাদিত পণ্য সামগ্রী ক্রয় ও সংগ্রহ, ট্রাফিক আইন মেনে চলা এবং ধর্মীয় স্থানগুলির পবিত্রতা সর্বতো ভাবে বজায় রাখার জন্যও সকল পর্যটক ও পুণ্যার্থীদের কাছে আবেদন জানান তিনি। প্রধানমন্ত্রীর মতে তাঁর এই আবেদনে সাড়া মিললে দেবভূমি উত্তরাখন্ডের ভাবমূর্তি আগামীদিনে উজ্জ্বল থেকে উজ্জ্বলতর হয়ে উঠবে।






## মৌলানা আজাদের জন্মবার্ষিকীতে তাঁর স্মৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন প্রধানমন্ত্রীর



**নতুন দিল্লি, ১১ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ মৌলানা আজাদের জন্মবার্ষিকীতে তাঁর স্মৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন করেছেন। শ্রী মোদী তাঁকে জ্ঞানের অন্যতম আলোকবর্তিকা হিসেবে বর্ণনা করেন। পাশাপশি ভারতের স্বাধীনতা সংগ্রামে মৌলানা আজাদের ভূমিকার প্রশংসা করেন। এক্স বার্তায় প্রধানমন্ত্রী বলেন : "আজ মৌলানা আজাদের জন্মবার্ষিকীতে তাঁর স্মৃতিতে শ্রদ্ধা জানাই। জ্ঞানের অন্যতম আলোকবর্তিকা হিসেবে তিনি সর্বদাই স্মরণীয় হয়ে থাকবে। ভারতের স্বাধীনতা সংগ্রামে তাঁর ভূমিকার জন্যও সর্বদাই স্মরণীয় হয়ে থাকবেন। তিনি একজন সুচিন্তক এবং প্রসিদ্ধ লেখক ছিলেন। উন্নত ও সশক্ত ভারত গড়ে তুলতে তাঁর দৃষ্টিভঙ্গী থেকে আমরা অনুপ্রাণিত হয়েছি।"

১-ম পাতার পর

# শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে ঘৃণা ভাষণের অভিযোগ তুলে নির্বাচন কমিশনের দারস্থ হলেন তৃণমূল

বৈঠক করে বলেন " , আমরা কমিশনের কাছে আবেদন জানিয়েছি, শুভেন্দুকে সেন্সর করার জন্য। যদিও উপনির্বাচনের প্রচার আজ বিকালেই শেষ। কিন্তু বিষয়টা শুধু একটা উপনির্বাচনের জন্য নয়। নানা সময় বিজেপির নেতারা এ ধরনের উস্কানিমূলক মন্তব্য করে থাকেন। তাঁদের লক্ষ্য বাংলাকে অস্থির করে তোলা ধর্মের ভিত্তিতে। নইলে কেন অযথা বাংলাদেশের হিংসাত্মক পরিস্থিতি তুলনা টানা হচ্ছে? বাংলাদেশ আমাদের প্রতিবেশী রাষ্ট্র। এর অভ্যন্তরীণ বিষয় নিয়ে আমাদের নির্বাচনী প্রক্রিয়ার কথা বলা যায়না। সেখানে কি হয়েছে তার নির্দিষ্ট তথ্য আমাদের কাছে নেই। আসলে বিজেপি বুঝে গিয়েছে যে ছটি কেন্দ্রের উপনির্বাচনে বেঘরে হারবে। তাই এই সব বলছে। আমাদের দাবি বিরোধী দলনেতার ওপর নিষেধাজ্ঞা জারি করা হোক রাজ্যের শান্তি বজায় রাখা স্বার্থে "।

১-ম পাতার পর

# 'আমি নাম বলে দিচ্ছি বিনীত গোয়েল ফাঁসিয়েছে', প্রিজন ভ্যান থেকেই চিৎকার অভিযুক্ত সিভিকের

পুলিশ কমিশনার পদ থেকে সরিয়ে দেওয়া হয় বীনিত গোয়েলকে। নতুন সিপি হন মনোজ ভর্মা।উল্লেখ্য, তিলোত্তমার ঘটনায় প্রথমেই গ্রেফতার করা হয়েছিল অভিযুক্ত সিভিক ভলান্টিয়রকে।এমনকী কলকাতা পুলিশ এই ঘটনায় একমাত্র অভিযুক্ত হিসাবে সিভিক ভলান্টিয়রের নাম উল্লেখ করে। এরপর সিবিআইও তাদের পেশ করা প্রাথমিক চার্জশিটে তিলোত্তমার ঘটনায় অভিযুক্ত হিসাবে উল্লেখ করে সিভিক ভলান্টিয়রের নাম। দেখা যায়, এরপর থেকেই কার্যত বিস্ফোরক দাবি করতে থাকে অভিযুক্ত। কখনও আদালতের মধ্যেই বিচারকের উদ্দেশ্যে বলে, 'স্যর আমার কিছু বলার আছে..নয়ত দোষী করে দেবে।" কখনও আবার প্রিজন ভ্যান থেকেই চিৎকার করে বলতে শুরু করে, "আমি ধর্ষণ খুন করিনি। সরকার ফাঁসাচ্ছে" সঙ্গে এও বলে, "যান গিয়ে আসল লোককে ধরুন...।"

এরপর সোমবার নিম্ন আদালত থেকে বেরনোর সময় ফের সেই একই পদ্ধতি নিল অভিযুক্ত। আদালত থেকে বেরনোর সময় একদম প্রথমে মুখ না খুললেও প্রিজন ভ্যান চলতে শুরু করলে তার জানালা থেকে চিৎকার করে বলতে থাকে, "আমি নাম বলে দিচ্ছি ... বড় বড় অফিসার রয়েছেবিনীত গোয়েল, ডিসি স্পেশাল চক্রান্ত করে ফাঁসিয়েছে আমায়।"

২ পাতার পর

# অপ্রাকৃতরাসলীলা প্রসঙ্গে

ভালোবাসাই তাঁদের সবকিছু পরিত্যাগ করে কৃষ্ণ সান্নিধ্য লাভে সহায়তা করেছিল। গভীর প্রেমার্তি না থাকলে তাঁকে পাওয়া যায় না। যতরকমের সাধন-মার্গ আছে, সবেরই মূলকথা প্রেম-গভীর আকর্ষণ। আমাদের মন প্রানকে কৃষ্ণের সেবার প্রতি, কৃষ্ণের প্রেমের দিকে নিয়ে যাওয়াই আমাদের সাধনা। কামার্ত মানুষ যদি রাসনৃত্য অনুকরণ করার চেষ্টা করে তা হলে রুদ্রকে অনুকরণ করে বিষ পান করার মতোই সে ধ্বংসপ্রাপ্ত হবে। শ্রদ্ধা সহকারে যিনি শ্রীকৃষ্ণের এই অপ্রাকৃত রাসলীলা শ্রবণ, কীর্তন ও স্মরণ করবেন, তিনি অচিরেই শ্রীকৃষ্ণ পাদপদ্মে প্রেমভক্তি লাভ করবেন।

## 'অযোধ্যার ভিত কাঁপিয়ে দেব', রাম মন্দির উড়িয়ে দেয়ার হুমকি পান্নুনের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবার খালিস্তানি স্বাধীনতাকামীদের টার্গেট ভারতের অযোধ্যার রামমন্দির। যেটি বাবরি মসজিদের জয়গা জবরদখল করে তৈরি করেছিল ভারতের মোদি সরকার। এবার সেই মন্দিরের ভিত কাঁপিয়ে দেয়ার হুমকি দিলেন খালিস্তানি স্বাধীনতাকামী নেতা গুরপতবন্ত সিং পান্নুন। সোমবার তারা একটি ভিডিও প্রকাশিত হয়েছে। যেখানে তিনি হিন্দুদের বিশ্বাসের প্রধানকেন্দ্র রামমন্দিরকে উড়িয়ে দেয়ার হুমকি দিয়েছেন। এমনকী ভিডিওতে পান্নুন কানাডার হিন্দু এমপি চন্দ্র আর্যকেও হুমকি দিয়েছেন।

ভিডিওতে স্বাধীনতাকামী সংগঠন শিখ ফর জাস্টিস (এসএফজে) প্রধান পান্নুন বলেছেন, 'আমরা হিন্দুত্ব মতাদর্শের জন্মস্থান অযোধ্যার ভীত কাঁপিয়ে দেব। ১৬ ও ১৭ নভেম্বর অযোধ্যার রাম মন্দিরে সহিংসতা হবে।' জানা যাচ্ছে, কানাডার ব্রাম্পটনে পান্নু এই ভিডিও রেকর্ড করেছেন। এই ভিডিওতে রামমন্দিরের পাশাপাশি অন্যান্য অনেক হিন্দু ধর্মীয় স্থানের বিরুদ্ধে সহিংসতা উস্কে দেয়ার হুমকিও দিয়েছেন তিনি।

পান্নুনের এই হুমকিকে স্বাভাবিকভাবেই আতঙ্কিত হয়ে পড়েছেন অনেকেই। এমনকী পান্নুন ভিডিওতে অযোধ্যা রাম মন্দিরে প্রার্থনারত প্রধানমন্ত্রী মোদির ছবিও দেখিয়েছেন। পাশাপাশি তিনি হুমকিতে

এরপর ৪ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ৩০৪ সংখ্যা ১২ নভেম্বর, ২০২৪ মঙ্গলবার ২৬ কার্ত্তিক, ১৪৩১

## আচার্য কৃপালনীর জন্মবার্ষিকীতে তাঁকে স্মরণ করেছেন প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ১১ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ আচার্য কৃপালন্রী জন্মবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেছেন। ভারতের স্বাধীনতা সংগ্রামের এক শীর্ষস্থানীয় ব্যক্তিত্ব এবং মেধা, নিষ্ঠা ও শৌর্যের প্রতীক হিসেবে তাঁকে বর্ণনা করে শ্রী মোদী ভারত গঠনে তাঁর আদর্শ পূরণ করার সরকারের দায়বদ্ধতার কথা পুনরায় উল্লেখ করেছেন, যে ভারত হবে সমৃদ্ধ ও শক্তিশালী এবং যেখানে দরিদ্র মানুষের পাশাপাশি প্রান্তিক মানুষও শক্তিশালী হবেন। এক্স এ এক পোস্টে তিনি লিখেছেন, “আচার্য কৃপালনীর জন্মবার্ষিকীতে তাঁকে স্মরণ করছি। তিনি ছিলেন ভারতের স্বাধীনতা সংগ্রামের শীর্ষ স্তরের নেতা ও মেধা, নিষ্ঠা ও শৌর্যের প্রতীক। তিনি গণতান্ত্রিক মূল্যবোধ ও সামাজিক ন্যায়ের নীতিতে গভীরভাবে বিশ্বাসী ছিলেন।

অন্যায়ের বিরুদ্ধে আচার্য কৃপালনী ছিলেন অকুতোভয়। তাঁর স্বপ্নের ভারত, যা হবে সমৃদ্ধ, শক্তিশালী এবং যেখানে দরিদ্র ও প্রান্তিক মানুষ ক্ষমতাপ্রাপ্ত হবেন, সেই ভারত গঠনে আমরা আমাদের প্রতিশ্রুতি পুনরায় ব্যক্ত করছি”।

## সম্পাদকীয়

### ১০০ বছর পর বদলে যাচ্ছে বাংলায় ভূ-মানচিত্র! কি হতে চলেছে জানেন? বিরাট উদ্যোগ নবান্নের

১৯২৫ সালের পর এবার ফের তৈরী হতে চলেছে মৌজা ম্যাপ বা মানচিত্র। প্রায় ১০০ বছর পর বাংলায় নতুন করে মানচিত্র তৈরি হচ্ছে। গোটা রাজ্যের ক্ষেত্রেই এই ম্যাপ তৈরি হতে চলছে বলে জানা গিয়েছে। নবান্ন সূত্রে খবর, মাঝে কিছু সংশোধন করা হলেও তারপর মাঝের বহু বছরে সম্পূর্ণ বদলে গিয়েছে চিত্র।প্রথম ধাপে বাংলার হাওড়া, হুগলি, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং পূর্ব বর্ধমান, দ্বিতীয় ধাপে উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম এবং নদিয়া এবং শেষ ও তৃতীয় পর্যায়ে কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, দুই দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ, কালিম্পং এবং দার্জিলিং এই সব জেলাগুলি থাকবে।আগের অনেক গ্রামই বর্তমানে রূপ নিয়েছে আধুনিক শহরের। একাধিক জায়গায় গড়ে উঠেছে শিল্প কারখানা। বদলে গিয়েছে রাস্তাঘাট, এক্সপ্রেসওয়ে এবং রেললাইন। সব মিলিয়ে আমূল বদলে গিয়েছে গোটা চিত্র। তাই এই অবস্থায় মৌজা ম্যাপ তৈরি করাটা বেশ গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে। অনেকের মতে নতুন করে মৌজা ম্যাপ গড়ে উঠলে গোটা রাজ্যের ভূমি-মানচিত্র বিরাট বদলে যাবে।

সমস্ত যাবতীয় পরিবর্তনের সঙ্গে সাযুজ্য রেখেই রাজ্যজুড়ে নতুন মৌজা ম্যাপ বানানো হবে। রাজ্য সরকারের হয়ে 'ডিরেক্টরেট অফ ল্যান্ড রেকর্ডস অ্যান্ড সার্ভে' বিভাগ এই কাজের দায়িত্বে রয়েছে। নবান্ন সূত্রে খবর, হাই রেজোলিউশন উপগ্রহ চিত্রের মাধ্যমে এই মৌজা ম্যাপ তৈরি করা হবে। ড্রোন ক্যামেরার সাহায্যে এই গোটা প্রক্রিয়া। পাশাপাশি প্রত্যেকটি মৌজা ফিজিক্যাল ভেরিফিকেশনও করা হবে।নবান্ন সূত্রে জানা গিয়েছে, কোনও মৌজা এলাকায় ৩২ শতাংশ বা তার বেশি পরিবর্তন আসলে নতুন করে সার্ভে করতে হয়। এই ম্যাপের মাধ্যমে কোথায় কৃষি জমি, কোথায় আবাসন, কোথায় জলাভূমি, কোথায় শিল্প, কোথায় স্কুল বা কলেজ বা রেললাইন কোথা দিয়ে গিয়েছে সেই সমস্ত তথ্য জানা যাবে।

সূত্রের খবর, এর পাশাপাশি ভেক্টর সার্ভেও করা হবে। যা থেকে বোঝা যাবে, রাজ্যের কোন কোন জায়গায় মশা বংশবিস্তার করেছে, কোথায় ডেঙ্গি, ম্যালেরিয়া এবং চিকুনগুনিয়ার এই সমস্ত মশাবাহিত রোগের প্রাদুর্ভাব বেশি। এই সার্ভে করা হলে মশাবাহিত রোগ মোকাবিলা করা সহজ হবে। জানা গিয়েছে, রাজ্যজুড়ে মোট তিন ধাপে এই সমীক্ষা করা হবে।

## দেবী মহিষাসুরমর্দ্দিনী



মৃত্যুঞ্জয় সরদার

(সপ্তম পর্ব)



তিনি হচ্ছেন বিপদের রক্ষা কর্তা, তিনি হচ্ছেন বিনাশিনী মা দুর্গা করোনাকে বিনাশ করে গমন করবেন ৯ই কাত্তিক ১৪২৭, ২৬ অক্টোবর ২০২০ সোমবার দেবীর বিসর্জন, বিজয়া দশমী। সপরিবারে লটবহর, বাপের বাড়ির তরফে সিনথেটিক আর পাড়ার পুজো মণ্ডপ থেকে পাওয়া দশহাতি লালপেড়ে বস্তা নিয়ে শ্বশুরবাড়ি কৈলাসে গমনের বারটিই নির্দেশ করে দেবীর যান কোনটা হবে। এবার তা পড়েছে সোমবার। শ্রাস্ত্র আছে, দেবীর গমনাগমন যদি রবিবার বা সোমবার হয়, তা হলে তাঁর বাহন হয় গজ। গমনও গজে। ফল শস্যপূর্ণ বসুন্ধরা।তাই দেবী যদি গজে গমনাগমন করেন, তা হলে পৃথিবীতে জলের সমতা বজায় থাকে এবং ফলন ভাল হয়। সুখ সমৃদ্ধিতে পরিপূর্ণ থাকে মর্ত্যভূমি।হাতি হল অন্নপূর্ণা এবং দেবশিল্পী বিশ্বকর্মার বাহন। অন্নপূর্ণার আশীর্বাদে শস্য শ্যামলা হয়ে ওঠে বসুন্ধরা। বিশ্বকর্মার বাহন যেমন গজ, তেমনই বিশ্বকর্মা হলেন শিল্পের দেবতা। তাই গজে গমনাগমনের ফলে পৃথিবীতে কৃষিকাজের পাশাপাশি শিল্পের উন্নতি ও প্রসার হয়। তবে মা দুর্গার গমন করার সাথে সাথে আবার ফিরে আসে এক অন্যরূপে জগধাত্রী হয়ে।দুর্গার সঙ্গে জগদ্ধাত্রীর এই বিকল্পের সংযোগ বুঝতে গেলে আমাদের একবার ভাল করে তাকাতে হবে দেবীর দিকে। তখন আমরা ধ্যানমন্ত্র অনুসরণ করে দেখব- এই মহাদেবী জগদ্ধাত্রী সিংহের স্কন্ধে আরূঢ়া, নানা অলঙ্কারে ভূষিতা ও নাগরূপ যজ্ঞোপবীতধারিণী। দেবীর বাম হস্তদ্বয়ে শঙ্খ ও শার্ঙ্গধনু, দক্ষিণ হস্তদ্বয়ে চক্র ও পঞ্চবাণ। রক্তবস্ত্রপরিহিতা সেই ভবসুন্দরী প্রভাতসূর্যের ন্যায় রক্তবর্ণা। নারদাদি মুনিগণ তাঁর নিত্যসেবা করে থাকেন- “সিংহস্কন্ধসমারূঢ়াং নানালঙ্কারভূষিতাম্/চতুর্ভুজাং মহাদেবীং নাগযজ্ঞোপবীতিনীম্/ শঙ্খশার্ঙ্গসমাযুক্তবামপাণিদ্বয়ান্বিতাম্/ চক্রঞ্চ পঞ্চবাণাংশ্চ দধতীং দক্ষিণে করে/রক্তবস্ত্রাপরিধানাং বালার্কসদৃশীতনুম্/নারদাদ্যৈর্মুনিগ

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## ট্রাম্পে-মোদি সদ্ভাবের ওপর বাজি ভারতের জন্য অপমাণজনক হতে পারে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ডোনাল্ড ট্রাম্প তার নির্বাচনী প্রচারণার সময় বারবার বিভিন্ন দেশ থেকে আমদানির উপর বড় ধরণের শুল্ক আরোপের কথা বলেছেন। তার চীনা পণ্যের উপর ৬০ শতাংশ শুল্ক আরোপের হুমকির পাশাপাশি, ভারতও তার লক্ষ্যবস্ত ছিল। তিনি ভারতকে একটি প্রধান শুল্ক আরোপকারী হিসেবে অভিহিত করে প্রত্যুত্তরে একই কাজ করার প্রতিশ্রুতি দিয়েছেন।যুক্তরাষ্ট্র ভারতের বৃহত্তম রপ্তানি গন্তব্য এবং ধারাবাহিকভাবে ভারতের শীর্ষ দুই বাণিজ্য অংশীদারের মধ্যে অবস্থান করছে। গত বছর ভারতের জন্য ৩হাজার কোটি ডলার উদ্বৃত্ত সহ মার্কিন-ভারত বাণিজ্যের পরিমাণ ছিল প্রায় ১২হাজার কোটি ডলার। কিন্তু ট্রাম্প যখন আবার ক্ষমতা গ্রহণের প্রস্তুতি নিচ্ছেন, তখন তার কঠোর বাণিজ্য পরিকল্পনা এবং তার অভিবাসন বিরোধী বক্তব্য ভারত-যুক্তরাষ্ট্র দ্বিপাক্ষিক সম্পর্কে উত্তেজনা সৃষ্টি করার সম্ভবনা তৈরি করেছে। অনেকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং হবু মার্কিন প্রেসিডেন্ট ডেনাল্ড ট্রাম্পের মধ্যকার সদ্ভাবের প্রতি আস্থা রেখে বাজি ধরলেও, নয়াদিল্লির কাউন্সিল ফর সোশ্যাল ডেভেলপমেন্ট-এর অধ্যাপক বিশ্বজিৎ ধর বলেছেন, 'ট্রাম্পের দেয়া এই সমস্ত নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়িত হলে ভারত-মার্কিন সম্পর্কে আসলেই টানাপোড়েন হতে পারে। যদি তিনি সেগুলো বাস্তবায়ন করেন, এটি ভারতের জন্য খুব খারাপ খবর হবে।' ট্রাম্পের 'আমেরিকা ফার্স্ট' নীতি, যার লক্ষ্য আমদানির উপর উচ্চ শুল্ক আরোপ করে দেশীয় কর হ্রাস করা, তা মার্কিন গ্রাহকদের জন্য আমদানিকৃত পণ্যের দাম বাড়িয়ে দিতে পারে। এটি তথ্য প্রযুক্তি এবং গাড়ি থেকে শুরু করে ওষুধ শিল্প পর্যন্ত গুরুত্বপূর্ণ ভারতীয় রপ্তানিমুখী শিল্পগুলিকেও ক্ষতিগ্রস্থ করতে পারে।প্রভাবশালী রপ্তানিকারক ভারতের সাথে তাদের বাণিজ্যে ভারসাম্যহীনতার কারণে যুক্তরাষ্ট্র এবং ভারতের মধ্যে সুপ্ত উত্তেজনা রয়েছে। ওয়াশিংটন, ডিসি-ভিত্তিক উইলসন সেন্টারের দক্ষিণ এশিয়া ইনস্টিটিউটের পরিচালক মাইকেল কুগেলম্যান বলেছেন, 'তবে উত্তেজনা এখন প্রকাশ্যে আসতে পারে এবং নতুন ট্রাম্প প্রশাসনে বিস্ফোরিত হতে পারে।' যুক্তরাষ্ট্রে কর্মসংস্থানের জন্য দক্ষ বিদেশী পেশাদারদের জন্য একটি পরিকল্পনা এইচ-১বি ভিসা নিয়েও এখন শঙ্কা দেখা দিয়েছে। ভারতীয়রা এই ভিসাধারীদের সংখ্যাগরিষ্ঠ প্রতিনিধিত্ব করে, যা গত বছরে ৭২.৩ শতাংশ ছিল। চীনারা ১১.৭ শতাংশ সহ এই তালিকার দ্বিতীয় স্থানে রয়েছে। ধর বলেছেন, এইচ-১বি আবেদন নাকচের হার ২০১৫ সালে ৬ শতাংশ থেকে ২০১৮ সালে ২৪ শতাংশে উন্নীত হয়েছে (ট্রাম্পের দায়িত্ব নেওয়ার এক বছর পর)। ফলে অভিবাসন নিয়ে ট্রাম্পের কড়া নীতিও ইন্দো-মার্কিন সম্পর্কের অবনতি ঘটাতে পারে।গত এক বছর ধরে, ভারতীয় গোয়েন্দারা যুক্তরাষ্ট্র ভিত্তিক শিখ বিচ্ছিন্নতাবাদীকে হত্যার চেষ্টা করেছে, মার্কিন আইনজীবিদের এই অভিযোগের প্রেক্ষিতে ইন্দো-মার্কিন দ্বিপাক্ষিক সম্পর্ক ইতিমধ্যেই হোঁচট খেয়েছে। কুগেলম্যান বলেন, 'ট্রাম্প নিজেকে একজন জাতীয়তাবাদী হিসেবে তুলে ধরেন এবং তার রাজনীতির কারণে তিনি তার উদ্বেগের বিষয়ে খুব বেশি সপ্রতিভ হওয়ায় রাজনৈতিক সুবিধা পাবেন বলে মনে হচ্ছে। কুগেলম্যান বলেন, 'রাশিয়া, চীন বা বাণিজ্য নয়, ভাড়াটে খুনী দ্বারা হত্যা চেষ্টার অভিযোগ নিয়ে সবচেয়ে বড় টানাপোড়েন রয়েছে। এটি ভারতের জন্য একটি অপমাণজনক জাগরণ হিসাবে প্রমাণিত হতে পারে।'

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

পূজা বা ব্রত কথার সঙ্গে আলপনার একটি সম্পর্ক রয়েছে। আলপনা আসলে 'কামনার প্রতিচ্ছবি।' দেবী পূজা উপাচার হিসেবে থাকে ফল, মিষ্টি, মোয়া, নাড়ু প্রভৃতি। কোজাগরী লক্ষ্মীর প্রতি আচার নিবেদনের সঙ্গেও একটি লোকবিশ্বাস জড়িত রয়েছে। পূজার সময় মোট ১৪টি পাত্রে উপাচার রাখা হয়। তারপর পূর্বপুরুষদের উদ্দেশে জল দানের রীতি রয়েছে। কাঠের জলচৌকির ওপর লক্ষ্মীর সরাটিকে স্থাপন করা হয়।

ক্রমশঃ

**• সতর্কীকরণ •**

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

৩ পাতার পর

## 'অযোধ্যার ভিত কাঁপিয়ে দেব', রাম মন্দির উড়িয়ে দেয়ার হুমকি পান্নুনের

কানাডায় বসবাসরত ভারতীয়দের হিন্দু মন্দিরে খালিস্তানি হামলা থেকে দূরে থাকতে বলেছেন। ভারতের বাসিন্দা হয়েও ভারত থেকে পলাতক পান্নুন। কানাডা থেকেই তিনি ভারতের বিরুদ্ধে নানারকম প্রচারণা চালানোর প্রয়াস করছেন। ভারতের বিরুদ্ধে পান্নুনে এমন হুমকি চলছে অনেকদিন ধরেই। এর আগে খালিস্তানি স্বাধীনতাকামী পান্নুন হুমকিতে ভারতের বিমান উড়িয়ে দেয়ার কথা বলেছিলেন। পান্নুন বলেছিলেন, শিখ দাঙ্গার ৪০ বছর পূর্ণ হলে এয়ার ইন্ডিয়ার বিমানে হামলা হতে পারে।

এমনকী পান্নুন আন্তর্জাতিক যাত্রীদের ১ থেকে ১৯ নভেম্বর পর্যন্ত এয়ার ইন্ডিয়াতে না যাওয়ার জন্য সতর্ক করেছিলেন। উল্লেখ্য, ভারতের বাসিন্দা গুরপতবন্ত সিং পান্নু। জন্ম পঞ্জাবে। পড়াশুনাও পঞ্জাব থেকে তার। বর্তমানে তিনি পালিয়ে বাঁচতে কখনও কানাডায় আবার কখনও আমেরিকায় থাকেন। তার কাছে এই দুই দেশের নাগরিকত্ব রয়েছে। বাইরে থেকে ভারতে সন্ত্রাসী হামলা চালানোর হুমকি দিচ্ছেন তিনি প্রতিনিয়ত।

পান্নুর জন্ম ১৪ ফেব্রুয়ারি ১৯৬৭ সালে। পান্নুনের বাবা পঞ্জাবের একটি কোম্পানিতে কাজ করতেন। তার এক ভাইও আছে, সে বিদেশে থাকে। তার বাবা-মা মারা গিয়েছেন। পান্নুন চণ্ডীগড়ের পঞ্জাব বিশ্ববিদ্যালয় থেকে আইন নিয়ে পড়াশোনা করেছেন। বর্তমানে তিনি আমেরিকায় আইন প্যাকটিস করছেন। পান্নুন ২০০৭ সালে 'শিখ ফর জাস্টিস' নামে একটি সংগঠন তৈরি করেছিলেন। ২০২০ সালের জুলাইয়ে ভারত পান্নুকে সন্ত্রাসী ঘোষণা করেছিল।

সিনেমার খবর cinema TV

# ভয়ে থাকেন শাহরুখপুত্র আরিয়ান?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শাহরুখ খানের অনুরাগী ছড়িয়ে রয়েছে বিশ্ব জুড়ে। বড় পর্দায় তার সিনেমা এলে প্রেক্ষাগৃহ ভরে যেতে খুব বেশি সময় লাগে না। অসংখ্য মানুষের কাছে স্বপ্নের অভিনেতা তিনি। তার এক ঝলক চাক্ষুষ করার জন্য দেশ বিদেশের মানুষ অপেক্ষায় থাকেন। এমন তারকার সন্তান হওয়ার বাড়তি এক চাপ রয়েছে। আরিয়ান নাকি সেই বাড়তি চাপের শিকার। বাবার কারণেই নাকি আজ এমন হতে হয়েছে আরিয়ানকে।

আরিয়ানকে যখনই দেখা গেছে সব সময়ই গম্ভীর। খুব একটা হাসতে বা অন্য তারকা সন্তানদের মতো আলোকচিত্রীদের সঙ্গে রসিকতা করতে দেখা যায় না তাকে। অনেকে তাকে অহঙ্কারী তকমাও দিয়েছেন। তবে আসলে নাকি মানুষটা তেমন নয়। নেটপ্রভাবী আশিস চাঁচলানির সম্প্রতি দেখা হয় আরিয়ানের সঙ্গে। শাহরুখ-পুত্রের সঙ্গে তার সাক্ষাতের অভিজ্ঞতা যে বেশ ভাল, সে কথাই জানিয়েছেন আশিস। তিনি বলেন, 'আরিয়ানের মতো সৎ মানুষ ইন্ডাস্ট্রিতে খুব কম। আমি ওকে এই জন্যই খুব ভালোবাসি। দারুণ একজন মানুষ। কোনও ভণিতা নেই আরিয়ানের মধ্যে।" সেই পডকাস্ট চ্যানেলের সাক্ষাৎকারে আশিস বলেন, "আমার মনে হয়, ওর বাবার নাম যেহেতু শাহরুখ খান, তাই আরিয়ান ভীষণ চাপের মধ্যে থাকেন। তবে নিজে কী চান, সেই বিষয়ে মারাত্মক স্পষ্ট ধারণা রয়েছে ওঁর মধ্যে। যখনই আরিয়ানের সঙ্গে কথা হয়েছে, মনে হয়েছে, ও ভীষণ চাপে রয়েছেন। তবে মনে প্রাণে তিনি পরিচালক ও লেখক হতেই চান। কখনওই অভিনেতা হতে চান না।' বিভিন্ন সময় দেখা গিয়েছে তারকা বাবা হওয়ার বাড়তি ওজন বয়ে বেড়াতে হয়েছে তাদের সন্তানের। সর্বক্ষণ তুলনাও টানা হয়েছে। তাই বাবার জুতোয় পা গলাতে চান না আরিয়ান।

এই মুহূর্তে শাহরুখ-গৌরীর নিজস্ব প্রযোজনা সংস্থার আধীনে একটি সিরিজ পরিচালনা করছেন আরিয়ান, নাম 'স্টারডম'। বহু তারকাখচিত এই সিরিজে একটি গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করছেন বর্ষীয়ান অভিনেতা মনোজ পাহওয়া, মোনা সিংহ।

## নিজেকে অপয়া ভাবতেন বিদ্যা!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টালিউড থেকে সিনেদুনিয়ায় যাত্রা শুরু করেছিলেন। আজ বলিউডে তিনি খ্যাতির শিখরে। বলিষ্ঠ অভিনেত্রীর তালিকায় বিদ্যা বালানের নাম ওপরের সারিতেই থাকে। এমন অভিনেত্রী এক সময় নিজেকে অপয়া ভাবতে শুরু করেছিলেন। নিজ মুখেই জানালেন এই কথা। পেক্ষাগৃহে মুক্তি পেয়েছে 'ভুলভুলাইয়া ৩'। নতুন এ সিনেমা ইতোমধ্যেই ১০০ কোটি টাকার ব্যবসা করে ফেলেছে। ছবি নিয়ে সাক্ষাৎকার দিতে গিয়েই বিদ্যা জানান, ক্যারিয়ারের শুরুর দিকে তাকে অত্যন্ত কঠিন সময়ের মধ্যে দিয়ে যেতে হয়েছে। একটি মালয়ালম সিনেমার নায়িকা হিসেবে শুটিং শুরু করেছিলেন অভিনেত্রী। কিন্তু সেটি মাঝপথেই বন্ধ হয়ে যায়। বিদ্যা জানান, সিনেমা বন্ধ হওয়ার পর থেকেই তাকে 'অপয়া' বলতে শুরু করে লোকজন।

দাবি করা হয়, বিদ্যাকে নেয়া হয়েছে বলেই সিনেমা বন্ধ হয়ে গিয়েছে। এক নয়, একাধিকবার তার সঙ্গে এমনটা হয়েছে বলে জানান বিদ্যা। চারপাশের মানুষের মুখে 'অপয়া' শব্দটি শুনতে শুনতে বিদ্যা নিজেও নিজেকে অপয়া ভাবতে শুরু করেছিলেন বলেই জানান।

উল্লেখ্য, বিদ্যার প্রথম সিনেমা 'ভালো থেকো' মুক্তি পেয়েছিল ২০০৩ সালে। ২০০৫ সালে মুক্তি পায় 'পরিণীতা'। এই ছবি থেকেই বিদ্যার সাফল্যের সফর শুরু হয়। ২০০৭ সালে 'ভুলভুলাইয়া' ছবিতে অবনি ওরফে মঞ্জুলিকার চরিত্রে অভিনয় করেছেন বিদ্যা। তার পর ২০২৪ সালে এই চরিত্রে দেখা গেল তাকে।

# বিরাট কোহলিকে নিয়ে যা বললেন রণবীর কাপুর






**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৩৬-এ পা দিলেন ভারতীয় ক্রিকেট তারকা বিরাট কোহলি। ভালো খেলোয়াড় হিসাবে নাম, যশ, খ্যাতি সবই পেয়েছেন তিনি। তবে তার পরিচিতি শুধুই ক্রিকেট তারকাতেই সীমাবদ্ধ নয়। অসংখ্য বিজ্ঞাপনেও দেখা গেছে কোহলিকে। বিয়ের পোশাক থেকে চশমা, ব্যাট- অনেক পণ্যের বিজ্ঞাপনেই দেখা যায় তাকে।

বলিউড অভিনেত্রী আনুষ্কা শর্মা জীবনে আসার আগে থেকেই বলিউডের সঙ্গে কোহলির সখ্য। আনুষ্কার আগে বিরাটের জীবনে যে দুই প্রেমিকা ছিলেন তারাও বলি নায়িকা। এক সময় অভিনেত্রী তামান্না ভাটিয়ার প্রতি নিজের অনুরাগের কথা জানিয়েছিলেন বিরাট। যদিও আনুষ্কাকে বিয়ের পর থেকে বলিপাড়ার প্রথম সারির তারকারা ক্রিকেটারের প্রশংসায় পঞ্চমুখ।



অভিনেতা হিসাবে বিরাট বলিউডের অনেককে ছাপিয়ে যেতে পারতেন, এমন কথা জানিয়েছিলেন বলিউডের আরেক তারকা অভিনেতা রণবীর কাপুর।

তবে, এবার আলোচনার কেন্দ্রবিন্দু বিরাট কোহলির বায়োপিক। এটা নিয়ে ইতোমধ্যেই আলোচনা শুরু হয়েছে বলিপাড়ায়।

ছবিতে কোহলির চরিত্রে অভিনয় করার সুযোগ হতে পারে রণবীরের, এমন কানাঘুষো শোনা যাচ্ছে। তবে এই প্রসঙ্গে রণবীরের বক্তব্য অবশ্য ভিন্ন। তিনি নিজের থেকেও এগিয়ে রেখেছেন বিরাটকে।

বেশ কয়েক মাস আগে রণবীরকে প্রশ্ন করা হয়, বিরাটের বায়োপিকে কি অভিনয় করতে রাজি তিনি? প্রশ্নের উত্তরে রণবীর বলেন, ওআমার মনে হয় বিরাটের বায়োপিকে বিরাটের নিজেরই অভিনয় করা উচিত৷ কিন্তু এমন এক সুযোগ কেন হাতছাড়া করছেন রণবীর? তারকার কথায়, 'বিরাটকে অনেক অভিনেতার থেকে ভালো দেখতে। শুধু তাই-ই নয়, ওর ফিটনেসও অনবদ্য!'

এক বিজ্ঞাপনের শুটিং করতে গিয়েই অনুষ্কার সঙ্গে প্রথম আলাপ হয় বিরাট কোহলির। তার পরে আনুষ্কার সঙ্গে জুটি বেঁধে একাধিক বিজ্ঞাপনে অভিনয় করেছেন তিনি। ক্রিকেটের মাঠকে বিদায় জানানোর পরে কি সিনেমার পর্দায় দেখা যেতে পারে কোহলিকে? এখন থেকেই উত্তেজনা তুঙ্গে অনুরাগীদের।

# ট্রাম্পকে কেন 'কিলার' বললেন কঙ্গনা?





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রেসিডেন্ট নির্বাচনের ভোটের ফল বলছে বেশ এগিয়ে ডোনাল্ড ট্রাম্প। অন্য দিকে পিছিয়ে পড়েছেন কমলা হ্যারিস।

ভারতীয় বিতর্কিত অভিনেত্রী তথা বিজেপি সংসদ সদস্য কঙ্গনা রানাউত খোলাখুলি সমর্থন জানালেন ট্রাম্পকে। তাকে 'টোটাল কিলার' আখ্যা দিয়ে প্রশংসা করেছেন কঙ্গনা। সামাজিকমাধ্যমে ট্রাম্পের ছবি শেয়ার তিনি জানালেন এই মুহূর্তে আমেরিকায় থাকলে কী করতেন?

কঙ্গনা নিজের ইনস্টাগ্রামে পেনসিলভানিয়ার সমাবেশে ট্রাম্পের গুলিবিদ্ধ হওয়ার ছবি দিয়ে লেখেন, 'আমি এই সময় আমেরিকা থাকলে ট্রাম্পকে ভোট দিতাম। গুলি লাগার পর উঠে দাঁড়িয়ে ভাষণ শেষ করেছেন যেভাবে, এক কথায় 'টোটাল কিলার'।'

চলতি বছর জুলাই মাসে নির্বাচনি প্রচারে গিয়ে গুলি লাগে ট্রাম্পের। পেনসিলভেনিয়ার বাটলারের একটি সভায় গিয়েছিলেন ট্রাম্প। মঞ্চে উঠে কথা বলতে শুরু করেন ট্রাম্প। তখনই গুলি ছোড়া হয় বলে অভিযোগ। দেখা যায়, ট্রাম্পের ডান দিকের কানের পাশ থেকে রক্ত বেরোচ্ছে। তার মুখেও রক্তের দাগ দেখা যায়। তবু উঠে দাঁড়িয়ে হাত মুঠো করে আকাশের দিকে ছোড়েন ট্রাম্প। সেই ছবি নিমেষে ভাইরাল হয় নেটপাড়ায়। সভায় উপস্থিত বাকিরাও নিচু হয়ে বসে পড়েন। দ্রুত সেখান থেকে ট্রাম্পকে সরিয়ে নিয়ে যান তার নিরাপত্তারক্ষীরা। তবে ট্রাম্পের সেই ছবি যেভাবে ছড়িয়ে পড়ে নেটপাড়ায় তাতে সেই ছবি দিয়ে টি-শার্ট ও বিক্রি হয় আমেরিকায়।

# সালমান-রাশমিকা ভক্তদের জন্য সুখবর






**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেত সালমান খান ও অভিনেত্রী রাশমিকা মান্দানা ভক্তদের জন্য রয়েছে দারুণ খবর। তারা দুজনে এখন হায়দরাবাদের ঐতিহাসিক ফালাকনুমা প্যালেসে অবস্থান করছেন। ব্যস্ত আছেন 'সিকান্দার'-এর শুটিংয়ে। শুটিং স্পট থেকে বেশ কিছু বিহাইন্ড-দ্য-সিন ভিডিও অনলাইনে ঘুরে বেড়াচ্ছে। এরমধ্যে একটিতে দেখা গেছে রাশমিকা মান্দানাকে। ফাঁস হওয়া ভিডিওটির সঙ্গে পোস্টে লেখা, 'রাশমিকা মান্দানার #সিকান্দার ছবির শুটিংয়ের ভিডিও। হায়দরাবাদের ফালাকনুমা প্যালেসে শুটিং চলছে। খবর: এনডিটিভির। আরেকটি ভিডিওতে দেখা যায়, ফালাকনুমা প্যালেসের ভেতরে পুলিশের গাড়ি রয়েছে, যা শুটিংয়ের জন্য কঠোর নিরাপত্তার ইঙ্গিত দিচ্ছে। এছাড়াও, একটি ভ্যানিটি ভ্যানে 'সিকান্দার' ব্র্যান্ডিং করা দেখা যায়। এক্স-এর পোস্টে লেখা, 'হায়দরাবাদের ফালাকনুমা প্যালেসে #সিকান্দার ছবির শুটিং। রাজকীয় উদযাপনের দৃশ্য এখানে চিত্রায়িত হচ্ছে।'

গত সেপ্টেম্বরে, 'সিকান্দার' ছবির শুটিংয়ে সালমান খান একটি পাঁজরের চোটে পড়েন। তার পরিস্থিতি নিয়ে গুজব ছড়ালে, অভিনেতা নিজেই এটি নিশ্চিত করেন। 'বিগ বস ১৮'-এর সেটে তিনি পাপারাজ্জিদের বলেন যে তার দুটি পাঁজর ভেঙেছে। গাড়ির দিকে হাঁটার সময় তিনি আলোকচিত্রীদের সতর্ক থাকতে বলেন। সালমান খান বলেন, 'দো পাসলিয়া তুটি হ্যায়, আরাম সে।'

সালমান খান এ বছরের এপ্রিল মাসে 'সিকান্দার' ছবির ঘোষণা দেন। ইনস্টাগ্রামে ছবির একটি পোস্টার শেয়ার করে তিনি লেখেন, "এই ঈদে 'বড়ে মিয়া ছোটে মিয়া' আর 'ময়দান' দেখো এবং আগামী ঈদে আসছে 'সিকান্দার'। সবাইকে ঈদ মোবারক!

সালমান খান ছাড়া 'সিকান্দার' ছবিতে আরও রয়েছেন সুনীল শেঠি, সত্যরাজ, প্রতীক পাতিল বাব্বার, চৈতন্য চৌধুরী ও নবাব শাহ। এ আর মুরুগাদোস পরিচালিত এই প্রকল্পটি সাজিদ নাদিয়াদওয়ালা প্রযোজিত নাদিয়াদওয়ালা গ্র্যান্ডসন এন্টারটেইনমেন্টের ব্যানারে নির্মিত হচ্ছে।

# রোহিতের নেতৃত্ব নিয়ে ধোঁয়াশা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টেস্ট ক্রিকেটে সময়টা ভালো কাটছে না ভারতের। প্রথমবারের মতো ঘরের মাটিতে তিন ম্যাচের সিরিজে নিউজিল্যান্ডের কাছে ধবলধোলাই হয়েছে তারা। ২২ নভেম্বর শুরু পাঁচ ম্যাচের টেস্ট সিরিজ। বোর্ডার-গাভাস্কার ট্রফিতে রয়েছে একটি গোলাপি বলে দিন-রাতের ম্যাচও।

বোর্ডার-গাভাস্কার ট্রফির প্রথম টেস্ট শুরু হবে ২২ নভেম্বর পার্থে। ওই সময়ে দ্বিতীয় সন্তানের বাবা হতে পারেন রোহিত। ঠিক সে কারণেই পার্থ টেস্টে তার খেলা নিয়ে রয়েছে ধোঁয়াশা। শঙ্কা আছে সিরিজের দ্বিতীয় টেস্ট খেলা নিয়েও। খবরগুলো চোখে পড়েছে কিংবদন্তি সুনীল গাভাস্কারেরও। সেই সব খবর দেখে ভারতের টিম ম্যানেজমেন্টকে বোর্ডার-গাভাস্কার ট্রফিতে দলের নেতৃত্ব নিয়ে একটি পরামর্শ দিয়েছেন তিনি।

ভারতের টেস্ট দলের নিয়মিত অধিনায়ক রোহিত, তার সহকারী হিসেবে আছেন পেসার জসপ্রিত বুমরা। প্রথম দুই টেস্টে রোহিত খেলতে না পারলে বুমরাই নেতৃত্ব দেয়ার কথা। রোহিত ফিরলে সিরিজের পরের তিন টেস্টে তারই নেতৃত্ব দেয়ার কথা। এক্ষেত্রে গাভাস্কারের ভাবনা অন্যরকম।

এক সিরিজে দুজনের অধিনায়কত্ব করার পক্ষে নন ভারতের সাবেক ব্যাটার গাভাস্কার। প্রথম দুই টেস্টে রোহিত না থাকলে তাকে পরের ম্যাচগুলোয় শুধুই একজন খেলোয়াড় হিসেবে খেলানোর পরামর্শ দিয়েছেন তিনি। পুরো সিরিজের জন্য নেতৃত্ব দিতে বলছেন সহঅধিনায়ক বুমরাকে।

স্পোর্টস তাকের সঙ্গে কথা বলতে গিয়ে গাভাস্কার ভারতের নির্বাচকদের পরামর্শ দিয়ে বলেছেন, 'আমরা পত্রিকার খবরে দেখছি যে, রোহিত শর্মা প্রথম টেস্টে খেলবে না। খুব সম্ভবত সে দ্বিতীয় টেস্টেও খেলবে না। যদি এটাই হয়, আমি বলব এখনই ভারতের নির্বাচক কমিটির বলা উচিত, 'তোমার যদি বিশ্রাম নিতে হয়, বিশ্রাম নাও। ব্যক্তিগত সমস্যা থাকলে সেগুলো খেয়াল করো। কিন্তু তুমি যদি সিরিজের দুই-তৃতীয়াংশ মিস করো, এই সিরিজে তোমাকে শুধুই একজন খেলোয়াড় হিসেবে যেতে হবে। আমরা এই সফরের জন্য সহঅধিনায়ককেই অধিনায়কের দায়িত্ব দেব।'

গাভাস্কার এরপর যোগ করেছেন, ঞভারতে ক্রিকেট সবচেয়ে গুরুত্বপূর্ণ। আমি বলতে চাই, আমরা নিউজিল্যান্ডের বিপক্ষে যদি ৩-০ জিততাম, তাহলে ভিন্ন ব্যাপার ছিল। কারণ, আমরা সিরিজটি ৩-০ ব্যবধানে হেরেছি। একজন অধিনায়কের দরকার। অধিনায়ক দলকে একত্রিত করে। শুরুতেই যদি কোনো অধিনায়ক না থাকে, তাহলে অন্য কাউকে অধিনায়ক করাটাই ভালো।'

বুমরা এখন পর্যন্ত ভারতকে শুধু একটা টেস্টেই নেতৃত্ব দিয়েছেন, ২০২২ সালে ইংল্যান্ডের বিপক্ষে বার্মিংহামে। সেই ম্যাচে ৩৭৮ রানের লক্ষ্যে খেলতে নেমে ৭ উইকেটে জিতেছিল ইংল্যান্ড।

গত জুনে ভারতকে টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতিয়ে এই সংস্করণ ছেড়েছেন রোহিত শর্মা। ৩৭ বছর বয়সি এই ব্যাটার এখন শুধু টেস্ট ও ওয়ানডের। অস্ট্রেলিয়া সফরেও রোহিতের ব্যর্থতার ধারা বজায় থাকলে তাকে টেস্ট ফরম্যাট থেকে বাদ দেয়া হবে এমন কথাও চাউর হয়েছে ভারতের গণমাধ্যমে।

তবে ভারতের সাবেক অধিনায়ক ও বিশ্বকাপ জেতা দলের সদস্য কৃষ্ণামাচারি শ্রীকান্ত মনে করেন ভিন্ন কিছু। তার মতে, অস্ট্রেলিয়ার বিপক্ষে বোর্ডার-গাভাস্কার সিরিজে ভালো করতে না পারলে নির্বাচকরা বাদ দেয়ার আগেই রোহিত নিজেই সরে যাবেন টেস্ট ফরম্যাটের ক্রিকেট থেকে।

শ্রীকান্ত নিজের ইউটিউব চ্যানেলে বলেন, 'রোহিত শর্মা ভালো করতে না পারলে আমার মনে হয়, সে নিজেই টেস্ট ক্রিকেট থেকে সরে দাঁড়াবে। শুধু ওয়ানডে খেলবে। টি-টোয়েন্টি তো আগেই ছেড়েছে। আমাদের মনে রাখতে হবে, তার বয়স বাড়ছে, কমছে না।'

শ্রীকান্ত ভারত অধিনায়কের প্রশংসা করেছেন তার ম্যাচপরবর্তী সংবাদ সম্মেলনের কারণে। অধিনায়ক হিসেবে রোহিতের ব্যর্থতা স্বীকারের সিদ্ধান্ত স্বাগত জানিয়েছেন শ্রীকান্ত 'রোহিত শর্মার অন্তত কলিজা আছে। গোটা সিরিজে বাজে অধিনায়কত্ব ও খারাপ খেলার ব্যাপারটি স্বীকার করে নেয়ার জন্য তাকে টুপি খোলা অভিনন্দন। এটা অসাধারণ।'

একই সূত্রে সাবেক এই ক্রিকেটার বলেন, 'কোনো খেলোয়াড়ের ছন্দে ফেরার এটা প্রথম ধাপ। ভুল স্বীকার করা খুব গুরুত্বপূর্ণ। একজন মানুষের এটা অন্যতম গুরুত্বপূর্ণ গুণও। সে সবার সামনে এটা স্বীকার করেছে এবং তার অর্থ হলো ছন্দে ফেরার পথেই আছে। আমি এটাই মনে করি।'

যেহেতু টি-টোয়েন্টি থেকে এরই মধ্যে রোহিত অবসরে গেছেন। আপাতত তিনি ওয়ানডে খেলে যাবেন বলে মনে করেন শ্রীকান্ত, 'সে হয়তো শুধু ওয়ানডে খেলে যাবে। যেহেতু ইতোমধ্যে টি-টোয়েন্টি থেকে অবসরে গেছে। এটা মনে রাখতে হবে রোহিতের বয়স হয়ে যাচ্ছে।'

টেস্ট ক্রিকেটে ৪২ দশমিক ২৭ গড়ে ৪ হাজার ২৭০ রান করেছেন রোহিত। তার সাম্প্রতিক সময়ের ফর্মই আলোচনায়। শেষ ১০ ইনিংসে হাফসেঞ্চুরি মাত্র একটি। সিঙ্গেল ডিজিটে স্কোর রয়েছে ৬টি! কিউইদের বিপক্ষে তো গুরুত্বপূর্ণ মুহূর্তে বিলাসী শট খেলে বিপদ ডেকে এনেছেন।

# আর্সেনাল-পিএসজির হারের রাতে বার্সার বড় জয়




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে বড় জয় পেয়েছে ফুটবল ক্লাব বার্সেলোনা। তবে ঘরের মাঠে আতলেতিকো মাদ্রিদের কাছে হেরেছে ফরাসি চ্যাম্পিয়ন আর্সেনাল। ইন্টার মিলানের মাঠ থেকে পরাজয় মেনে ফিরেছেন ইংলিশ ক্লাব আর্সেনালও।

সার্বিয়ান ক্লাব রেডস্টার বেলগ্রেডকে তাদেরই মাঠে ৫-২ গোলে উড়িয়ে দিয়েছে বার্সেলোনা। দলের জয়ে জোড়া গোল করেন রবার্ট লেভানদোভস্কি, একটি করে ইনগিয়ো মার্তিনেস, রাফিনিয়া ও ফের্মিন লোপেস।

সবাইকে অবাক করে ম্যাচের তৃতীয় মিনিটে বার্সার জালে বল! তবে অফসাইডের কারণে গোল হয়নি। এরপর গোল করলেও দ্রুত গোল হজমও করে কাতালান দলটি। তবে বিরতির আগে পরে জ্বলে ওঠে হান্সি ফ্লিকের দলটি। ম্যাচের বয়স ৭৬ মিনিটে না যেতেই করে আরও চার গোল। সফরকারী দলটি দুই গোল হজম করলেও ম্যাচের নিয়ন্ত্রণ কখনও হারায়নি।

তবে রাতটা ভালো যায়নি পিএসজির। প্যারিসে ঘরের মাঠে তারা আতলেতিকোর কাছে হেরেছে শেষ মুহূর্তের গোলে।

ম্যাচের ১৪তম মিনিটে ওয়ারেন জায়রি-এমেরির গোলে পিএসজি এগিয়ে গেলেও চার মিনিটের মাথায় সমতা টানেন নাহুয়েল মলিনা। পিএসজির সব প্রচেষ্টা ব্যর্থ করে ম্যাচ গড়াচ্ছিল ড্রয়ের দিকে। কিন্তু যোগ করা সময়ের তৃতীয় মিরিটে আনহেল করেয়ার গোল সবকিছু বদলে দেয়।

এই হার পিএসজিকে নামিয়ে দিয়েছে পয়েন্ট তালিকার ২৫ নম্বরে। ৪ রাউন্ড শেষে ১ জয় ও ২ ড্রয়ে তাদের পয়েন্ট ৫। সমান ম্যাচে ৬ পয়েন্ট নিয়ে ২৩ নম্বরে আতলেতিকো, ৯ পয়েন্ট নিয়ে ছয়ে বার্সেলোনা।

পিএসজির মতো আর্সেনালও এদিন জয় পায়নি। ইন্টার মিলানের মাঠে তারা হেরেছে ১-০ গোলে। প্রথমার্ধের যোগ করা সময়ে স্পটকিকে গোলটি করেন হাকান কালহানগ্লু।

৪ ম্যাচে ইন্টারের এটি তৃতীয় জয়। সাথে এক ড্রয়ে ১০ পয়েন্ট নিয়ে তারা তালিকার পাঁচে। ৪ রাউন্ড শেষে শতভাগ জয়ে ৩৬ দলের এই পয়েন্ট তালিকার শীর্ষে লিভারপুল।

একই দিন আক্রমণের ঝড় তুলেও বড় জয় পায়নি বায়ার্ন মিউনিখ। ঘরের মাঠে বেনফিকাকে তারা হারায় জামাল মুসিয়ালার একমাত্র গোলে।

৪ রাউন্ডে বায়ার্নের দ্বিতীয় জয় এটি। বাকি দুটিতে হার। ৬ পয়েন্ট নিয়ে তারা আছে তালিকার ১৭ নম্বরে।

# আইপিএলে ইউরোপের ক্রিকেটার




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইউরোপে প্রিয় খেলার তালিকায় ক্রমান্বয়ে বেসবল, বাস্কেটবল ও ফুটবল। কালের পরিক্রমায় ক্রিকেট ছড়িয়ে পড়েছে ইউরোপের দেশগুলোতে। এবার আইপিএলের মেগা নিলামে নাম লিখিয়েছেন ইতালিয়ান ক্রিকেটার টমাস দ্রাকার। সামাজিক যোগাযোগমাধ্যমেও তাকে ঘিরে চলছে আলোচনা। প্রশ্ন উঠছে– কে এই দ্রাকা?

চলতি বছরের জুনে ইতালির জার্সিতে অভিষেক হওয়া ২৪ বছর বয়সি দ্রাকা একজন পেসার। দেশের হয়ে এখন পর্যন্ত চারটি ম্যাচ খেলেছেন। প্রথম ম্যাচে লুক্সেমবার্গের বিপক্ষে ৪ ওভারে ১৫ রান দিয়ে উইকেট নেন ২টি। সব মিলিয়ে তার উইকেট সংখ্যা ৮টি। ডানহাতি এই পেসার খেলেছেন কানাডার গ্লোবাল টি-টোয়েন্টি লিগেও। সেখানে দেখিয়েছেন বাজিমাত। ব্রাম্পটন উলভসের হয়ে ৬ ম্যাচে সেখানে নিয়েছেন ১১ উইকেট।

১৫৭৪ জন প্লেয়ার এবার আইপিএলের নিলামের জন্য নাম লিখিয়েছেন। ১৭টি দেশের প্লেয়াররা রয়েছেন তালিকায়। সবচেয়ে বেশি প্লেয়ার আয়োজক দেশ ভারতের। দ্বিতীয় স্থানে দক্ষিণ আফ্রিকা। এই তালিকায় তাৎপর্যপূর্ণ নাম হচ্ছে ইতালি। ইউরোপের এই দেশ থেকে নাম লিখিয়েছেন দ্রাকা। তার এই অন্তর্ভুক্তি ইউরোপের ক্রিকেটে একটা নতুন দিক খুলে দিল বলে মনে করছেন অনেকে।

# নির্বাসন থেকে ফিরেই অধিনায়ক হলেন ওয়ার্নার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ডেভিড ওয়ার্নার ফিরলেন অধিনায়ক হিসেবে। আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিয়েছেন। কিন্তু ঘরোয়া ক্রিকেট খেলছেন। বিগ ব্যাশ লিগের (বিবিএল) আগামী মৌসুমে সিডনি থান্ডারকে নেতৃত্ব দেবেন তিনি।

এতদিন অধিনায়ক হওয়ার উপর নিষেধাজ্ঞা ছিল ওয়ার্নারের। সদ্য সেই নিষেধাজ্ঞা তুলে নিয়েছে অস্ট্রেলিয়ার ক্রিকেট বোর্ড। তার পরেই ওয়ার্নারকে অধিনায়ক করল সিডনি। বুধবার অধিনায়ক হিসেবে তার নাম ঘোষণা করা হয়।

২০১৮ সালে দক্ষিণ আফ্রিকা সফরে গিয়ে অস্ট্রেলিয়ার তৎকালীন সহ-অধিনায়ক ওয়ার্নার বল বিকৃতি কাণ্ডে জড়িয়ে গিয়েছিলেন। তার পরেই অস্ট্রেলিয়ার ক্রিকেট বোর্ড ওয়ার্নারের অধিনায়ক হওয়ার উপর নিষেধাজ্ঞা জারি করে। তবে সেটি কিছুদিন আগে তুলে নিয়েছে তারা।

অধিনায়ক হিসাবে ফেরার পর ওয়ার্নার বলেন, সিডনির অধিনায়ক হয়ে ভালো লাগছে। এটা আমার কাছে বিরাট ব্যাপার। শুরু থেকে আমি এই দলে খেলি। সেই দলের অধিনায়ক হিসাবে ফিরতে পেরে ভালো লাগছে। সামনে থেকে দলকে নেতৃত্ব দিতে চাই। নিজের অভিজ্ঞতা ভাগ করে নেব তরুণদের সঙ্গে।

# আর্জেন্টিনা দলে ফিরলেন মার্তিনেজ, বাদ দিবালা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্বকাপ বাছাইয়ের প্যারাগুয়ে ও পেরু বিপক্ষে দুই ম্যাচের জন্য দল ঘোষণা করেছে আর্জেন্টিনা। এই দুই ম্যাচের জন্য ২৮ সদস্যের দল ঘোষণা করেছে দলটি। ঘোষিত দলে নিষেধাজ্ঞা কাটিয়ে ফিরেছেন গোলরক্ষক এমিলিয়ানো মার্তিনেজ। এছাড়া ইনজুরি কাটিয়ে দলে ফিরেছেন আলেহান্দ্রো গারনাচো ও নিকোলাস গঞ্জালেজ।

জানা গেছে, বিশ্বকাপ বাছাইয়ের প্রথম ম্যাচে ১৫ নভেম্বর ভোর সাড়ে পাঁচটায় প্যারাগুয়ের বিপক্ষে মাঠে নামবে তারা। ২০ নভেম্বর ভোর ৬টায় বছরের শেষ ম্যাচে পেরুর মুখোমুখি হবে দলটি। তবে এই দলে জায়গা পাননি ইতালিয়ান ক্লাব রোমায় খেলা আর্জেন্টাইন ফরোয়ার্ড পাওলো দিবালা। দলের সার্বিক ফর্মের কারণে আলবিসেলেস্তেদের স্কোয়াডে জায়গা করে নিতে পারেননি দিবালা। বাদ পড়েছেন রিভার প্লেটের লেফট ব্যাক মার্কোস আকুনিয়াও।

তবে চোট কাটিয়ে দলে ফিরছেন জুভেন্তস উইঙ্গার নিকোলাস গঞ্জালেস। চোটের আশঙ্কা থাকলেও ক্রিশ্চিয়ান রোমেরো আর জিওভান্নি লো সেলসো জায়গা করে নিয়েছেন দলে। জাতীয় দলে আবারো ডাক পেয়েছেন ভ্যালেন্সিয়ার প্লেমেকার এনজো বারেনেচেয়া ও লাৎিসও স্ট্রাইকার তাতি কাসতেয়ানোস। এর আগে, লাতিন অঞ্চলের বাছাইপর্বে এ পর্যন্ত ১০ ম্যাচে ২২ পয়েন্ট নিয়ে শীর্ষে আর্জেন্টিনা। কলম্বিয়া ১৯ ও উরুগুয়ে ও ব্রাজিল সমান ১৬ পয়েন্ট নিয়ে রয়েছে। তবে গোল ব্যবধানে তৃতীয় স্থানে রয়েছে উরুগুয়ে। চারে রয়েছে ব্রাজিল। পাঁচে থাকা ইকুয়েডরের পয়েন্ট ১৩।

গোলকিপার: এমিলিয়ানো মার্তিনেজ (অ্যাস্টন ভিলা), ওয়াল্টার বেনিতেজ (পিএসভি), জিরোনিমো রুল্লি (অলিম্পিক মার্সেই)

ডিফেন্ডার: নাহুয়েল মলিনা (আতলেতিকো মাদ্রিদ), গনজালো মনতিয়েল (সেভিয়া), ক্রিশ্চিয়ান রোমেরো (টটেনহাম), জেরমান পেৎজেল্লা (রিভার প্লেট), লিওনার্দো বালেরদি (অলিম্পিক মার্সেই), নিকোলাস ওতামেন্দি (বেনফিকা), লিসান্দ্রো মার্তিনেজ (ম্যানচেস্টার ইউনাইটেড), নিকোলাস তাগলিয়াফিকো (লিঁও)

মিডফিল্ডার: এনজো ফেরনান্দেজ (চেলসি), লিয়ান্দ্রো পারেদেস (এএস রোমা), ইজিকিয়েল পালাসিওস (বায়ার লেভারকুসেন), রদ্রিগো দি পল (আতলেতিকো মাদ্রিদ), আলেক্সিস ম্যাক অ্যালিস্টার (লিভারপুল), জিওভান্নি লো সেলসো (রিয়াল বেতিস), এনজো বারেনেচেয়া (ভালেন্সিয়া), থিয়াগো আলমাদা (বোতাফোগো), ফাকুন্দো বুয়োনানতে (লেস্টার সিটি), নিকোলাস পাজ (কোমো ১৯০৭)

ফরোয়ার্ড: লিওনেল মেসি (ইন্টার মায়ামি), আলেহান্দ্রো গারনাচো (ম্যানচেস্টার ইউনাইটেড), নিকোলাস গঞ্জালেস (জুভেন্তস), হুলিয়ান আলভারেজ (আতলেতিকো মাদ্রিদ), লাউতারো মার্তিনেজ (ইন্তার মিলান), ভালেন্তিন কাসতেয়ানোস (লাৎিসও)

# দিয়াজের হ্যাটট্রিক, লিভারপুলের চারে চার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত মৌসুমে জার্মান ফুটবলে একের পর এক ইতিহাস গড়া বেয়ার লেভারকুসেনও লিভারপুলের জয়ের লাগাম টেনে ধরতে পারেনি। চ্যাম্পিয়নস লিগে কেবল দ্বিতীয় দল হিসেবে শতভাগ সাফল্য ধরে রাখলো ইংলিশ জায়ান্টরা।

লুইজ দিয়াজের হ্যাটট্রিকে মঙ্গলবার অ্যানফিল্ডে জাবি আলোনসোর দলকে ৪-০ গোলে হারিয়েছে লিভারপুল। আর্নে স্লটের দল আপাতত চ্যাম্পিয়নস লিগের টেবিলে এক নম্বর স্থান দখল করেছে। চার ম্যাচে এটি তাদের চতুর্থ জয়। তারা ছাড়া কেবল অ্যাস্টন ভিলা শতভাগ জয়ের রেকর্ড ধরে রেখেছে। বুধবার দলটি ক্লাব ব্রুগের বিপক্ষে নিজেদের চতুর্থ ম্যাচ খেলবে।

২০০৫ সালে রেডদের হয়ে চ্যাম্পিয়নস লিগ ট্রফি উঁচিয়ে ধরেছিলেন আলোনসো। লেভারকুসেনের এই হার কোচ ও সাবেক লিভারপুল নায়কের ফেরা মাটি করে দিলো। ম্যাচ শেষে তিনি বলেছেন, ঞপারফরম্যান্সের চেয়ে বেশি বেদনাদায়ক এই ফল। কিন্তু এটা চ্যাম্পিয়নস লিগ, সর্বোচ্চ পর্যায়ের প্রতিযোগিতা এবং আজ আমরা যথেষ্ট ভালো খেলিনি। এখানে আসার দারুণ অনুভূতিকে আমি বেদনাদায়ক ফল থেকে আলাদা করেছি। অ্যানফিল্ডের দর্শকদের কাছ থেকে উষ্ণ অভ্যর্থনায় আমি আপ্লুতঞ্

আলোনসোর যন্ত্রণাময় হারের বিপরীতে স্লট সাফল্যের ধারাবাহিকতায় ইয়ুর্গেন ক্লপের শূন্যতা ভালোভাবে পূরণ করে চলেছেন। লিভারপুলে এসে ১৬ ম্যাচে ১৪তম জয় পেলেন তিনি। ৬১তম মিনিটে চমৎকার গোলে গোলমুখ খোলেন দিয়াজ। লেভারকুসেনের ডিফেন্স চেড়া পাস দেন কুর্টিস জোনস, বল পেয়ে গোলকিপার লুকাস হারাডেকির মাথার ওপর দিয়ে দিয়াজ বল তুলে জড়িয়ে দেন জালে। কডি গাকপো দুই মিনিট পর ব্যবধান দ্বিগুণ করেন। মোহাম্মদ সালাহর ক্রসে ব্যাকপোস্ট থেকে ডাইভ করে জাল কাঁপান তিনি। অফসাইডে প্রথমে গোলটি বাতিল হলেও ভিএআরে সিদ্ধান্ত পাল্টে যায়। ৮৩তম মিনিটে দিয়াজ তার দ্বিতীয় গোল করেন। সালাহর ক্রস ধরে প্রতিপক্ষের চ্যালেঞ্জ সামলে লক্ষ্যভেদ করেন তিনি। স্টপেজ টাইমে ডারউইন নুনেজের শট ব্লকড হলে ফিরতি শটে গোল করে হ্যাটট্রিক পূর্ণ করেন দিয়াজ।

গত মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে মাত্র এক ম্যাচ হারা বুন্দেসলিগা চ্যাম্পিয়নদের প্রথম পরাজয়ের স্বাদ দেয় লিভারপুল। ছয়বারের চ্যাম্পিয়নরা চার ম্যাচে ১২ পয়েন্ট পেয়েছে। আর লেভারকুসেন দুই জয়ের বিপরীতে একটি করে ড্র ও হারে ১১তম স্থানে।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR